ঘ. মৃত্যুঞ্জয়ের শ্রাদ্ধ করার জন্য উ. ক

**১১. বলিলাম, 'পৌঁছে দিতে হবে না, শুধু আলোটা দাও।'- উক্তিটিতে ন্যাড়ার যে মনোভাব প্রকাশ পেয়েছে-** [ব. বো. '২৩]
ক) ভীরুতা খ) সাহসিকতা
গ) আত্মসম্মানবোধ ঘ) আশঙ্কা উ. গ

**১২. 'যে বস্তুটি এই অসাধ্য সাধন করিয়া তুলিয়াছিল তাহার পরিচয় যদিও সেদিন পাই নাই, কিন্তু আর একদিন পাইয়াছিলাম।'- এখানে 'বস্তুটি' বলতে 'বিলাসী' গল্পে কী বোঝানো হয়েছে?**
ক) মানবতা খ) প্রেম [কু. বো. '২২]
গ) লৌকিকতা ঘ) সম্পদের লোভ উ. খ

**১৩. "ইহা আর একটি শক্তি।— উক্তিটিতে কোন শক্তির কথা বলা হয়েছে?** [য. বো. '২৩]
ক) ভালোবাসা খ) বিধি-ব্যবস্থা
গ) বংশ মর্যাদা ঘ) বিষহরির আজ্ঞা উ. ক

**১৪. 'রোগা মানুষ সমস্ত রাত খেতে পাবে না' এখানে কোন খাবারের কথা বলা হয়েছে?** [ব. বো. '২৩]
ক) লুচি খ) অন্ন
গ) রুটি ঘ) সন্দেশ উ. গ

**১৫. পল্লিগ্রামের কীসের অভাব নেই?**
ক) জঙ্গলের খ) উদারতার
গ) মানুষের ঘ) সংকীর্ণতার উ. খ

**১৬. "মহত্ত্বের কাহিনি আমাদের অনেক আছে।' এখানে 'মহত্ত্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [চ. বো. '২৩]
ক) ব্যঙ্গার্থে খ) প্রশংসঙ্গে
গ) ক্ষোভার্থে ঘ) নিন্দার্থে উ. ক

**১৭. মৃত্যুঞ্জয়ের অমার্জনীয় অপরাধ বলতে বোঝানো হয়েছে-**
ক. বিলাসীকে বিয়ে করা [দি. বো. '২৫]
খ. সাপুড়ে হয়ে যাওয়া
গ. বিলাসীর হাতে ভাত খাওয়া
ঘ. খুড়াকে বাগানের অংশ না দেওয়া উ. গ

**১৮. "সে সব মনে পড়িলে আমার আজও গা কাঁপে"- ন্যাড়ার কী মনে পড়ে?** [রা. বো. '২৫]
ক) বিলাসীকে গ্রামছাড়া করা খ) নির্ভয়ে সাপ ধরা
গ) বিলাসীর দুঃসাহস ঘ) মৃত্যুঞ্জয়ের মৃত্যুর দৃশ্য উ. ক

**১৯. "মাঝে মাঝে আমাদের গুরুশিষ্যের সহিত বিলাসী তর্ক করিত।"- কী বিষয়ে?** [ম. বো. '২৫]
ক) সাপ ধরা গ) শিকড় বিক্রি
খ) বিষ সংগ্রহ ঘ) বিষদাঁত ভাঙা উ. গ

**২০. 'কৃতবিদ্য' শব্দটির অর্থ কী?** [ঢা. বো. '২৫]
ক) বাণী খ) বিদ্বান
গ) ছাত্র ঘ) বিদ্যাশিক্ষা উ. খ

**২৫. 'বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও আমি রুটিগুলো ঘরে দিয়ে আসি।'- বিলাসী এ কথা কেন বলেছিল?** [ম. বো. '২২]
i. শিয়াল কুকুরে খেয়ে যাবে
ii. রোগা মানুষ সমস্ত রাত খেতে পাবে না
iii. মৃত্যুঞ্জয় মরে যাবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii ঘ) i, ii ও iii উ. ক

**২৬. ন্যাড়াকে সাপ ধরার বিদ্যা শেখাতে বিলাসীর আপত্তি ছিল, কারণ কাজটি —**
i. বিলাসীর অপছন্দের ii. শক্ত ও ভীতিকর
iii. প্রতারণামূলক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ

**২৭. মৃত্যুঞ্জয়ের জন্য বিলাসীর ভালোবাসার প্রমাণ হলো-**
i. সাপ ধরার বায়না ফিরিয়ে দেওয়া
ii. মৃত্যুঞ্জয়ের শোকে আত্মহত্যা করা
iii. মৃত্যুঞ্জয়কে সেবাযত্নের মাধ্যমে সুস্থ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উ. ঘ

**২৮. বিলাসী লোক ঠকানো অপছন্দ করত। কেননা-**
i. এতে সংসারের অকল্যাণ হয়
ii. পেশাটি ছিল ভয়ংকর ও ঝুঁকিপূর্ণ
iii. তার ছিল সৎভাবে বাঁচার তীব্র আকাঙ্ক্ষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) ii ও iii উ. গ

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
খেলার মাঠে মারামারির সময় ইন্দ্রনাথ শ্রীকান্তকে গণপিটুনির হাত থেকে রক্ষা করে। সেই থেকে অনাত্মীয়, দুঃসাহসী ও হৃদয়বান ইন্দ্রনাথের সাথে শ্রীকান্তের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। পরবর্তীকালে ইন্দ্রের অনেক দুঃসাহসী কর্মের সঙ্গী হয় শ্রীকান্ত।
[য. বো. '২৪]

**২৯. উদ্দীপকের খেলার মাঠের ঘটনাটি 'বিলাসী' গল্পের কোন বিষয়ের সাথে তুলনীয়?**

ক. গ্রামের ছেলেমেয়েদের রূঢ় জীবন
খ. ন্যাড়া কর্তৃক বিলাসীকে রক্ষার চেষ্টা
গ. সেবাপরায়ণ বিলাসীর উদার হৃদয়
ঘ. মৃত্যুঞ্জয়কে বাঁচানোর ব্যর্থ চেষ্টা উ. খ

**৩০. উক্ত তুলনার কারণ কী?**

i. পরস্পর অনাত্মীয় ii. হৃদয়ের ঐশ্বর্য
iii. দুঃসাহসী কাজের সঙ্গী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ক

নিচের উদ্দীপকটি পড় এবং ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:
তিন্নি তথাকথিত নিম্নবর্ণের মেয়ে। সে কর্মনিপুণ, বুদ্ধিমতী এবং সেবাব্রতী। সে কারণে বিশ্ব তাকে বিয়ে করেছে। কিন্তু নিম্নবর্ণের হওয়ায় বিশুর পরিবার তিন্নিকে মেনে নেয়নি।

**৩১ উদ্দীপকে 'বিলাসী' গল্পের যে দিকটি ফুটে উঠেছে—**

ক) জাতিভেদ খ) কুসংস্কার
গ) শ্রেণিভেদ ঘ) ধর্মবৈষম্য উ. ক

**৩২. উদ্দীপকে 'তিন্নি' চরিত্রের যে সব বৈশিষ্ট্য 'বিলাসী' গল্পে পাওয়া যায় 'বিলাসী' চরিত্রের মধ্যে-**

i. কর্মনিপুণ ii. সৌন্দর্যের অহংকার
iii. সেবাব্রতী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উ. খ

উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
নার্গিস বিদেশে গৃহকর্মীর কাজ করে। বিদেশে কাজ করার বিষয়টি তার এলাকার মানুষ পছন্দ করে না। তিন বছর পর নার্গিস বাড়ি ফিরে এলে গ্রামবাসী তার নামে বিচার বসায় এবং তাকে গ্রামছাড়া করার সিদ্ধান্ত নেয়। নার্গিস প্রতিবাদী কণ্ঠে বলে "অসুস্থ মাকে রেখে কিছুতেই আমি কোথাও যাব না।" [চ. বো. '২৩]

**৩৩. উদ্দীপকের সঙ্গে 'বিলাসী' গল্পের যে বিষয়ের সাদৃশ্য রয়েছে-**

i. নারীর প্রতি নির্যাতন ii. কুসংস্কারাচ্ছন্ন সমাজ
iii. গ্রামীণ বিচারব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii উ. ঘ

**৩৪. উদ্দীপকের বিষয়টি বিবেচনায় নার্গিস ও বিলাসী উভয়ে কেমন প্রকৃতির নারী?**

ক. প্রতিবাদহীন খ. আত্মকেন্দ্রিক
গ. প্রতিবাদী ঘ. কুসংস্কারপন্থি উ: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
শহরে জরুরি কাজে এসেছে প্রীতিময় চাকমা। সকাল থেকে ঘোরাঘুরি করে ক্ষুধার্ত হয়ে খাবার চাইলে হোটেল মালিক বলল, 'আদিবাসীদের জন্য দুনম্বর বাসন আমার হোটেলে রাখি না।' [য. বো. '২২]

**৩৫. প্রীতিময় চাকমার সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**

ক. মৃত্যুঞ্জয়ের খ. ন্যাড়ার
গ. বিলাসীর ঘ. খুড়ার উ: গ

**৩৬. প্রীতিময় চাকমার প্রতি হোটেল মালিকের মনোভাব 'বিলাসী' গল্পের যে প্রসঙ্গের সাথে সংগতিপূর্ণ, তা হলো-**

i. সংকীর্ণতা ii. ব্রাহ্মণ্যবাদ
iii. অস্পৃশ্যতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

নিচের উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জেলেকন্যা রাশমণিকে ভালোবেসে বিয়ে করে পিতৃমাতৃহীন ব্রাহ্মণ যুবক সৌরভ। নিম্নজাতের মেয়েকে বিয়ে করার অপরাধে সৌরভের আত্মীয়স্বজন তাকে গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য করে। [চ. বো. ২৫]

**৩৭. উদ্দীপকের সৌরভের সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য আছে?**

ক. ন্যাড়া খ. মৃত্যুঞ্জয়
গ. ছোটোবাবু ঘ. খুড়া উ: খ

**৩৮. উদ্দীপকের সৌরভকে গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য করা 'বিলাসী' গল্পের সমাজব্যবস্থার কোন দিকটিকে প্রকাশ করে?**

ক. দারিদ্র্য খ. কুসংস্কার
গ. অনুদারতা ঘ. নিষ্ঠুরতা উ: গ

**৩৭. "সে সব মনে পড়িলে আমার আজও গা কাঁপে" ন্যাড়ার কী মনে পড়ে?** [রা. বো. '২৫]

ক. বিলাসীকে গ্রামছাড়া করা
খ. নির্ভয়ে সাপ ধরা গ. বিলাসীর দুঃসাহস
ঘ. মৃত্যুঞ্জয়ের মৃত্যুর দৃশ্য উ: খ

৩৮. "মাঝে মাঝে আমাদের গুরুশিষ্যের সহিত বিলাসী তর্ক করিত।"- কী বিষয়ে? [ম. বো. '২৫]

ক. সাপ ধরা খ. শিকড় বিক্রি
গ. বিষ সংগ্রহ ঘ. বিষদাঁত ভাঙা উ: খ

৩৯. মৃত্যুঞ্জয়ের প্রতি খুড়ার অমানবিক আচরণের মূল কারণ- [য. বো. '২৫]

ক. স্বার্থসিদ্ধি খ. ধর্মীয় গোঁড়ামি
গ. অজ্ঞতা ঘ. হিংসা উ: ক

# অর্ধাঙ্গী

## রোকেয়া সাখাওয়াত হোসেন

### সৃজনশীল রচনামূলক

১. শেকসপিয়রের বিস্ময়কর প্রতিভাধর বোনের নাম ডুডিথ। মা-বাবার উৎসাহে শেকসপিয়র গ্রামার স্কুলে পড়েছিলেন। অনেক মহৎ সাহিত্য, যুক্তিবিদ্যা, ব্যাকরণের প্রাথমিক পাঠ শিখেছিলেন। বাল্যকালে দূরন্ত শেকসপিয়ার খরগোশ, হরিণ শিকার করতেন। জীবনের এসব অভিজ্ঞতা তাঁকে পরবর্তী জীবনে সাফল্য এনে দেয়। ডুডিথ ভাইয়ের মতোই সাহসী, কল্পনাপ্রবণ এবং বিশ্বজয়ে আগ্রহী ছিলেন। কিন্তু মেয়ে বলে মা তাকে স্কুলে পাঠালেন না। লুকিয়ে ভাইয়ের বই পড়তে দেখলে মা বকা দিয়ে রান্না করতে পাঠিয়ে দিতেন। কৈশোরের পূর্বেই তার বাগদান হয়ে গেল।

[এইচএসসি পরীক্ষা ২০১৩]

ক. 'অবলা জাতি' অর্থ কী?

খ. 'অবরোধ প্রথা' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের ডুডিথের মায়ের মানসিকতাকে 'অর্ধাঙ্গী' প্রবন্ধের 'মানসিক দাসত্বের' সঙ্গে কীভাবে তুলনা করা যায় ব্যাখ্যা কর।

ঘ. ডুডিথের প্রতিভা বিকাশের অন্তরায়সমূহ 'অর্ধাঙ্গী' প্রবন্ধে আলোচিত হয়েছে।" মন্তব্যটির যথার্থতা প্রমাণ কর।

২. ডাক্তার হাবিবের বাসায় আরেক ডাক্তার দম্পতি রোজি ও ইমরান বেড়াতে এসেছে। তিনজনে গল্পে মগ্ন। হাবিবের নির্দেশে স্ত্রী ডলি উঠে যায় চা-নাশতা আনার জন্য। একসময়ে নাশতা দিয়ে চলে যায় রান্নাঘরে। তখনও ওরা গল্প করছে। ছোটবেলায় বাবা-মাকে হারিয়ে ডলির বেশি লেখাপড়া হয়নি। মেধাবী ডলি রান্নাঘরে কেমিস্ট্রি, সুতো গুণে সেলাই করার সময় অঙ্ক, বালিশের ওয়াড় সেলাই করার সময় জ্যামিতি এবং সংসারের অপরাপর কাজের মধ্যে বায়োলজি ও ফিজিক্সের দেখা পেলেও দুর্ভাগ্য তার ওদের মতো লেখাপড়া শিখে ডাক্তার হতে পারেনি দে। আজ তার নাম 'হাউজ ওয়াইফ'। সারা দিন ধরে বাড়ির সব কাজ সামলাতে পারলেও স্বীকৃতিহীন জীবনে তার কোনো অনুভূতি নেই। [ঢাকা বোর্ড ২০১৩]

ক. কলম্বস কে?

খ. "তাহারা সুকুমারী গোলাপ-লতিকায় কাঁঠাল ফলাইতে চাহেন" বুঝিয়ে বল।

গ. উদ্দীপকের ডলির মানসিকতা সম্পর্কে 'অর্ধাঙ্গী' প্রবন্ধে রোকেয়া সাখাওয়াত হোসেন কী ইঙ্গিত করেছেন?

ঘ. উদ্দীপকের ডলির জীবন বিকাশের অন্তরায় প্রচলিত সমাজব্যবস্থা- 'অর্ধাঙ্গী' প্রবন্ধের বক্তব্যের আলোকে মন্তব্যটি যাচাই কর।

৩. শিক্ষিত ভদ্রলোক: আপনার মেয়েকে লেখাপড়া শিখিয়েছেন?
অশিক্ষিত চাষি: শিখাইছি, বাংলা পড়ে নাই, আরবিতে কোরআন পড়ছে। অর্ধেক প্রায় মুখস্ত হইয়া গেছে।
শিক্ষিত ভদ্রলোক: আরবি পড়িয়েছেন ভালো কথা, ধর্মীয় কার্যক্রম ঠিক রাখতে পারবে। বিজ্ঞান-নির্ভর শিক্ষা ছাড়া তো সে শিক্ষিত ভদ্রলোক বর্তমান পৃথিবীতে অচল।
অশিক্ষিত চাষি: বিয়া হইয়া গেলে জামাই যেইভাবে বলে সেইভাবেই চলবো। [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. 'চোগা' কী?

খ. "তিনি কি মাতা অপেক্ষা অধিক করুণাময় নহেন?"- কার কথা বলা হয়েছে?

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়ের সঙ্গে 'অর্ধাঙ্গী' প্রবন্ধের বক্তব্যের সাদৃশ্য ব্যাখ্যা কর।

ঘ. "বিয়া হইয়া গেলে জামাই যেইভাবে বলে সেইভাবেই চলবো।" 'অর্ধাঙ্গী' প্রবন্ধের আলোকে চাষির উপর্যুক্ত উক্তিটি বিশ্লেষণ কর।

### জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

#### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'স্বামী'র স্থলে কোন শব্দ প্রচলিত হবে?
[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

২. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতাটি উদ্ধৃত হয়েছে? [নোয়াখালী সরকারি মহিলা কলেজ]

৩. 'নজম-উল-ওলামা' শব্দের অর্থ কী?
[রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর]

৪. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার উল্লেখ রয়েছে? [চাঁদপুর সরকারি কলেজ]

৫. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে লেখক বলেছেন, 'আমাদের একটি রোগ আছে'- রোগটি কী?

৬. রামচন্দ্রের অর্ধাঙ্গীর নাম কী?

#### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "তাহারা সুকুমারী গোলাপ-লতিকায় কাঁঠাল ফলাইতে চাহেন" বুঝিয়ে বল। [ঢা. বো. '১৩]

২. "তিনি কি মাতা অপেক্ষা অধিক করুণাময় নহেন?"- কার কথা বলা হয়েছে?
[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

৩. "অবলার হাতেও সমাজের জীবন-মরণের কাঠি আছে।" উক্তিটি ব্যাখ্যা কর।

৪. লেখক অবরোধবাসিনীদের বেরিয়ে এসে উন্মুক্ত বিশ্বে পদার্পণের আহ্বান জানিয়েছেন কেন?- ব্যাখ্যা কর।

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. মুসলমান মেয়েদের জন্য বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন কী প্রতিষ্ঠা করেন?** [ঈশ্বরদী মহিলা কলেজ, পাবনা]
ক. বিশ্ববিদ্যালয় খ. কলেজ
গ. স্কুল ঘ. মাদ্রাসা উ: গ

**০২. বেগম রোকেয়া একজন-** [স্কলার্সহোম, সিলেট]
ক. সাহসী সাহিত্যিক খ. প্রথাবিরোধী লেখক
গ. নারীবাদী সাহিত্যিক ঘ. সমাজসচেতন সাহিত্যিক উ: ঘ

**০৩. বেগম রোকেয়ার লেখা প্রকাশিত হতো কী নামে?**
ক. এন নেহাল নামে [খুলনা সরকারি মহিলা কলেজ]
খ. আরএস হোসেন নামে
গ. মিসেস আরএস হোসেন নামে
ঘ. মিসেস হোসেন নামে উ: গ

**০৪. রোকেয়া সাখাওয়াত হোসেন কোন কোন ভাষায় দক্ষতা অর্জন করেছিলেন?** [যশোর সরকারি সিটি কলেজ]
ক. আরবি ও ফারসিতে খ. বাংলা ও ইংরেজিতে
গ. বাংলা ও আরবিতে ঘ. আরবি ও ইংরেজিতে উ: খ

**০৫. রোকেয়া সাখাওয়াত হোসেন বাংলা সাহিত্যে কী নামে বিশেষ পরিচিত?** [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক. মিসেস আরএস হোসেন
খ. বেগম রোকেয়া
গ. রোকেয়া সাখাওয়াত হোসেন
ঘ. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন উ: খ

**০৬. "ভগিনীদিগকে জানাইয়াছি যে, আমাদের একটা রোগ আছে- দাসত্ব।" - রোকেয়া সাখাওয়াত হোসেন কোন রচনার মাধ্যমে এটি জানিয়েছেন?** [এইচএসসি পরীক্ষা '১২]
ক. নবদম্পতির প্রেমালাপ খ. অবরোধবাসিনী
গ. সুলতানার স্বপ্ন ঘ. স্ত্রীজাতির অবনতি উ: ঘ

**০৭. পার্সি মহিলাদের পর্দা মোচন হলেও কী মোচন হয়নি?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক. আর্থিক কষ্ট খ. মানসিক দাসত্ব
গ. পারিবারিক কলহ ঘ. মনের উদারতা উ: খ

**০৮. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে 'পর্দার বাইরে আসা' বলতে লেখক কী বলেছেন?** [সরকারি শহীদ বুলবুল কলেজ, পাবনা]
ক. পরাধীনতার মুক্তি খ. চাকরি করা
গ. শিক্ষিত হওয়া ঘ. মানসিক স্বাধীনতা উ: ক

**০৯. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে লেখক সীতাকে কার সাথে তুলনা করেছেন?** [সিলেট মডেল স্কুল এন্ড কলেজ]
ক. রামের খ. দেবীর
গ. রানির ঘ. পুতুলের উ: ঘ

**১০. "সীতার সঙ্গে রামের সম্বন্ধও প্রায় সেইরূপ।"- এতে লেখকের কোন মনোভাব প্রকাশ পেয়েছে?** [সিলেট সরকারি কলেজ]
ক. প্রতিবাদী খ. সহনশীল
গ. অসহ্য ঘ. বিদ্রূপাত্মক উ: ঘ

**১১. বেগম রোকেয়ার মতে সীতা রামের কাছ থেকে** [এম. সি একাডেমী (মডেল স্কুল ও কলেজ), সিলেট]
ক. স্ত্রীর অধিকার পেয়েছেন
খ. নারীর অধিকার পেয়েছেন
গ. নির্যাতনের শিকার হয়েছেন
ঘ. স্ত্রীর অধিকার পাননি উ: ঘ

**১২. 'মহম্মদীয় আইনে' পৈতৃক সম্পত্তিতে কন্যার অধিকার পুত্রের-**
ক. অর্ধেক খ. সমান [এইচএসসি পরীক্ষা '১২]
গ. দেড়গুণ ঘ. দ্বিগুণ উ: ক

**১৩. নারীদেরকে পুরুষের অবস্থা থেকে পৃথক করেছে কোনটি?** [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]
ক. ধর্মীয় গোঁড়ামি খ. ধর্মীয় কুসংস্কার
গ. শিক্ষার অনগ্রসরতা ঘ. সমাজের বিধিব্যবস্থা উ: ঘ

**১৪. 'অর্ধাঙ্গী' প্রবন্ধ অনুসারে স্বামী যখন পৃথিবী থেকে সূর্য ও নক্ষত্রের দূরত্ব মাপেন, স্ত্রী তখন কী করেন?** [ফেনী গার্লস ক্যাডেট কলেজ]
ক. বালিশের ওয়াড়ে ফুল তোলেন
খ. বালিশের ওয়াড় সেলাই করেন
গ. বালিশের ওয়াড়ের দৈর্ঘ্য-প্রস্থ মাপেন
ঘ. বালিশের ওয়াড় পরিষ্কার করেন উ: গ

**১৫. "তরুলতা যেমন বৃষ্টির সাহায্যপ্রার্থী, মেঘও সেইরূপ তরুর সাহায্য চায়।"- 'অর্ধাঙ্গী' প্রবন্ধে এই উক্তি দ্বারা কী বোঝানো হয়েছে?** [এইচএসসি পরীক্ষা '১৩]
ক. নারীর উপর পুরুষ নির্ভরশীল
খ. পুরুষের উপর নারী নির্ভরশীল
গ. নারী-পুরুষ পরস্পরের পরিপূরক
ঘ. নারী-পুরুষ একই মানসিকতার উ: গ

**১৬. নারীকে রান্নাঘরে সীমাবদ্ধ রাখলে কী ক্ষতি হবে?** [সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল]
ক. বুদ্ধি ও মেধা সীমাবদ্ধ হয়ে যাবে
খ. কেবল রান্নাতেই দক্ষ হবে
গ. নারীর বুদ্ধিবৃত্তিক সেবা থেকে সমাজ ও জাতি বঞ্চিত হবে
ঘ. সমাজ ও জাতীয় উন্নতি পিছিয়ে থাকবে উ: গ

**১৭. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে ব্যারিস্টারকে কার সাহায্যপ্রার্থী বলা হয়েছে?** [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]
ক. শিক্ষক খ. ডাক্তার
গ. সাংবাদিক ঘ. বিচারক উ: খ

**১৮. আমাদের জন্য এ দেশের শিক্ষার বন্দোবস্ত সচরাচর এইরূপ-** [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]

i. প্রথমে আরবীয় বর্ণমালা
ii. অতঃপর কুরআন শরিফ পাঠ
iii. অতঃপর উর্দু ও ইংরেজি শিক্ষা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

**১৯. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে বলা হয়েছে যে আমাদের সমাজ-** [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]

i. বৈষম্যমূলক ii. মাতৃতান্ত্রিক
iii. পুরুষতান্ত্রিক

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

নর-নারী। যে দেহে এক চোখ কানা, এক হাত ভাঙা, এক পা খোঁড়া, সে দেহ বিকলাঙ্গ। [সরকারি এম এম কলেজ, যশোর]

২০. উদ্দীপকের বিষয়বস্তু ও 'অর্ধাঙ্গী' প্রবন্ধের বিষয়বস্তু এক, কারণ উভয় রচনায়-

i. নারীকে সমাজের অপরিহার্য অঙ্গ বলা হয়েছে
ii. নারী ও পুরুষকে সমান বলা হয়েছে
iii. সামাজিক বিভিন্ন সমস্যার কথা বলা হয়েছে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

## যৌবনের গান

## কাজী নজরুল ইসলাম

### সৃজনশীল রচনামূলক

১. সালাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র। নিজেদের অধিকার নিয়ে সবাই যখন আন্দোলন করে তখন সে হলে বসে বসে ভাবে আর। মনে মনে বলে, যা ব্যাটা; তোরা আন্দোলন কর, ফল আমরাই ভোগ করব। কোনো সাহসী কাজে কখনই সালামকে দেখা যায় না। এমনকি তার সামনে কেউ অন্যায় করলেও সে না দেখার ভান করে চলে যায়। নিজের স্বার্থ ছাড়া সে কিছু বোঝে না। বন্ধুদের সঙ্গে যখন সে আড্ডা দিতে যায় তখনো ভাবে এতে তার কী কী লাভ হবে। অর্থনৈতিকভাবে বেশ স্বাবলম্বী হলেও মানসিকভাবে সে খুবই দীন। তার বন্ধুরা তাকে কোনোদিন কোনো ফকিরকে ভিক্ষা দিতেও দেখেনি। [রাজশাহী ক্যাডেট কলেজ]

ক. মোহনিদ্রা শব্দের অর্থ কী?
খ. 'যৌবনের গান' প্রবন্ধে তারুণ্যের কী কী বৈশিষ্ট্যের কথা বলা হয়েছে?
গ. উদ্দীপকের সঙ্গে 'যৌবনের গান' প্রবন্ধের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপক এবং 'যৌবনের গান' প্রবন্ধের আলোকে বার্ধক্যের স্বরূপ বিশ্লেষণ কর।

২. জাবেদ, জামসেদ, জাহেদ, জাকির জাফরান বিশ্ববিদ্যালয়ে আমার ভালো বন্ধু। জাবেদ সব সময় তার দাদা এবং নানার মতো পুরনো চিন্তা-চেতনার। জামসেদ ভ্রমণপিয়াসী এবং নতুনের প্রত্যাশী; পাহাড় ডিঙানো কিংবা সমুদ্রে সাঁতার কাটা তার শখ। সে একবার চোরাবালিতে আক্রান্তও হয়েছিল। জাহেদ কোমল মনের মানুষ, কারও অভাব-অভিযোগ দেখলে তার প্রাণ কাঁদে। জাকির জাফরান মূলত কবি, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মিছিলেও তাকে দেখা যেত। মনের অমিল থাকা সত্ত্বেও আমরা সকলেই ছিলাম ভালো বন্ধু। [হলি ক্রস কলেজ, ঢাকা]

ক. মুসোলিনি কোন দেশের একনায়ক ছিলেন?
খ. "রঙের খেলা খেলিতে তাহার উদয়, রং ছড়াইতে ছড়াইতে তাহার অস্ত" কথাটির অর্থ কী? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের চরিত্রগুলোর সঙ্গে 'যৌবনের গান' প্রবন্ধের সাদৃশ্য ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকের ভালো বন্ধুরা মূলত 'যৌবনের গান' প্রবন্ধের সকল বৈশিষ্ট্যের ধারক।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

৩. যুবকেরা পাগল, বাবুদের মতো সহজেই যুবক প্রাণে আগুন ধরে। তরবারি দেখে, কারাগারে ফাঁসিতে কিছুতেই তার দর্পিত প্রাণ কাবু হয় না। এদের মধ্যে স্থিরতা, ধীরতা, গাম্ভীর্য, ধর্মভয়, বিনয় জ্ঞান বলতে কিছু নেই। ওরা সত্যিই পাগল, বাষ্পীয় ইঞ্জিন আবন্দ শক্তি বলা যায়। [এস ও এস হারম্যান মেইনার কলেজ, ঢাকা]

ক. বনের পাখির মতো গান করা কার স্বভাব?
খ. কবি তরুণদের দলভুক্ত হতে চেয়েছেন কেন?
গ. উদ্দীপকে 'যৌবনের গান' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে 'যৌবনের গান' প্রবন্ধের আংশিক বক্তব্য প্রতিফলিত হয়েছে, পুরো বিষয় নয়- মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর।

৪. এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়
পথ চলতে এ বয়স যায় না থেমে
এ বয়সে তাই নেই কোনো সংশয়- এ
দেশের বুকে আঠারো আসুক নেমে।

[সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর]

ক. কালাপাহাড় কত খ্রিষ্টাব্দে পুরী আক্রমণ করে মন্দির ও দেবদেবীর মূর্তি ধ্বংস করে?

খ. যৌবনের মাতৃরূপ বলতে লেখক কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপকের প্রথম দুই চরণে 'যৌবনের গান' প্রবন্ধের কোন দিকটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকের শেষ চরণে 'যৌবনের গান' প্রবন্ধের মূল বক্তব্য ফুটে উঠেছে।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক-নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. গানের পাখিকে তাড়া করে কে?

২. 'যৌবনের গান' কোন জাতীয় রচনা?[গুলশান কমার্স কলেজ, ঢাকা]

৩. লেনিন কে? [ঠাকুরগাঁও সরকারি কলেজ]

৪. 'লক্ষ্মণ সেন' কে ছিলেন?

৫. 'যৌবনের গান' প্রবন্ধে লেখকের গান করার স্বভাব কার মতো?

৬. 'যৌবনের গান' প্রবন্ধের লেখক কীসের পূজারি?

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. যৌবনের মাতৃরূপ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।
[সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর]

২. 'যৌবনের গান' প্রবন্ধে 'আমার একমাত্র সম্বল' বলতে লেখক কী বুঝিয়েছেন?

৩. 'যৌবনের গান' প্রবন্ধের লেখকের মতে কাদের দেশ নাই, জাতি নাই, অন্য ধর্ম নাই?- ব্যাখ্যা কর। [ঠাকুরগাঁও সরকারি কলেজ]

৪. কবি তরুণদের দলভুক্ত হতে চেয়েছেন কেন?
[এস ও এস হারম্যান মেইনার কলেজ, ঢাকা]

৫. "যৌবন-সূর্য যেথায় অস্তমিত, দুঃখের তিমিরকুন্ডলা নিশীথিনীর সেই তো লীলাভূমি"- ব্যাখ্যা কর।

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. দুরারোগ্য রোগে কাজী নজরুল ইসলাম হারিয়ে ফেলেন-**
[বরগুনা সরকারি কলেজ]
ক. বাকশক্তি খ. শ্রবণশক্তি
গ. দৃষ্টিশক্তি ঘ. মানসিক শক্তি উ: ক

**০২. কোনটি কাজী নজরুল ইসলামের রচনা নয়?**
[মডেল গার্লস কলেজ, শেরপুর; বাগেরহাট সরকারি মহিলা কলেজ]
ক. বলাকা খ. অগ্নিবীণা
গ. বিষের বাঁশি ঘ. ছায়ানট উ: ক

**০৩. কোনটি কাজী নজরুল ইসলামের প্রবন্ধ গ্রন্থ?**
ক. রিক্তের বেদন খ. দুর্দিনের যাত্রী
গ. চক্রবাক ঘ. মৃত্যু-ক্ষুধা উ: খ

**০৪. কাজী নজরুল ইসলাম কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?**
[এইচএসসি পরীক্ষা '১২]
ক. ১৯৭৪ খ. ১৯৭৫
গ. ১৯৭৬ ঘ. ১৯৭৭ উ: গ

**০৫. "আমি আজ তাঁহাদেরই দলে, যাহারা কর্মী নন ধ্যানী"- উক্তিটি কার?** [সরকারি মহিলা কলেজ, পাবনা]
ক. প্রমথ চৌধুরীর খ. কাজী নজরুল ইসলামের
গ. সুকান্ত ভট্টাচার্যের ঘ. রবীন্দ্রনাথ ঠাকুরের উ: খ

**০৬. 'যৌবনের গান' প্রবন্ধের লেখক কাদের দলে?**
[গুলশান মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা; শেখ বোরহানুদ্দীন কলেজ, ঢাকা; আর্মড পুলিশ ব্যাটালিয়ান স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া]
ক. তরুণ খ. ধ্যানী
গ. কর্মী ঘ. বিদ্রোহী উ: গ

**০৭. শক্তির পেছনে বুধির ধারার মতো গোপনে থাকেন কারা?**
[মাইলস্টোন কলেজ, ঢাকা]
ক. ধ্যানীরা খ. কর্মীরা
গ. কবি ঘ. তরুণরা উ: ক

**০৮. 'যৌবনের গান' প্রবন্ধে 'বায়স ফিঙে' কাকে তাড়া করে?**
[শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা; নওগাঁ সরকারি কলেজ]
ক. গানের পাখিকে খ. আলোর দেবতাকে
গ. বহু যুবককে ঘ. তারুণ্যের শতদলকে উ: ক

**০৯. 'যৌবনের গান' প্রবন্ধে লেখক নিজেকে কীসের সাথে তুলনা করেছেন?**
ক. চাঁদ খ. সূর্য
গ. নক্ষত্র ঘ. আলো উ: ক

**১০. "আমি বক্তাও নই, আমি কমবক্তার দলে।"- এ উক্তির তাৎপর্য কোনটি?**
ক. কাজে নয়, কথায় বিশ্বাসী
খ. কথায় নয়, কাজে বিশ্বাসী
গ. কম কথার গুরুত্ব বেশি
ঘ. প্রাবন্ধিক কম কথায় বিশ্বাসী উ: খ

**১১. 'যৌবনের গান'-এ কোন নদী দুটির কথা বলা হয়েছে?**
[পটিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম; শাহজালাল সিটি কলেজ, সিলেট]
ক. পদ্মা-মেঘনা খ. পদ্মা-ভাগীরথী
গ. মেঘনা-যমুনা ঘ. মেঘনা-সুরমা উ: খ

**১২. 'যৌবনের গান' প্রবন্ধে পদ্মা-ভাগীরথীর মতো খরস্রোতা বলে কার বাণীকে বোঝানো হয়েছে?** [এইচএসসি পরীক্ষা ২০১৩]
ক. কবির খ. বক্তার
গ. লক্ষ্মণ সেনের ঘ. বক্তিয়ার খিলজির উ: খ

**১৩. 'যৌবনের গান' প্রবন্ধে লেখক কী হয়ে তরুণদের মহাদান গ্রহণ করতে চান?** [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা; নীলফামারী সরকারি কলেজ]
ক. দলপতি খ. সহযাত্রী
গ. মধ্যমণি ঘ. বনের পাখি উ: গ

**১৪. তরুণেরা কীভাবে বিকশিত হয়?**
[মডেল গার্লস কলেজ, শেরপুর; হাটহাজারী কলেজ, চট্টগ্রাম]
ক. বিচিত্রভাবে খ. আন্দোলন করে
গ. এক ধ্যানের মৃণাল ধরে ঘ. নিজে নিজেই উ: গ

**১৫. যারা অটল সংস্কারের পাষাণস্তূপ আঁকড়ে পড়ে থাকে লেখক তাদেরকে কী বলেছেন?**
ক. মৌলবাদী খ. বোকা
গ. বৃদ্ধ ঘ. সাহসী উ: গ

**১৬. কারা বৃদ্ধ?** [আর্মড পুলিশ ব্যাটালিয়ান স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া]
ক. দুর্বল খ. রক্ষণশীল
গ. সমালোচক খ. সমাজপতি উ: খ

**১৭. "বহু যুবককে দেখিয়াছি যাহাদের যৌবনের উর্দির নিচে বার্ধক্যের কঙ্কাল মূর্তি।"- লেখকের এ বক্তব্যের সঙ্গে সাদৃশ্যপূর্ণ কোনটি?** [স্কলার্সহোম, সিলেট]
ক. পশ্চাৎগামী খ. অগ্রসরতা
গ. আশাবাদ ঘ. বিপথগামী উ: ক

**১৮. 'যৌবনের গান' প্রবন্ধে 'অভিসম্পাত' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক. অভিজাত খ. অভিবাদন
গ. অভিশাপ ঘ. আশীর্বাদ উ: গ

**১৯. বার্ধক্য বিচারের মানদন্ড কোনটি?**
[এম. সি একাডেমী (মডেল স্কুল ও কলেজ), সিলেট]
ক. বয়স খ. শিক্ষা
গ. প্রাণধর্ম ঘ. স্বাস্থ্য উ: খ

**২০. বয়সের ফ্রেমে বাঁধা যায় না কাকে?**
[ফেনী গার্লস ক্যাডেট কলেজ]
ক. তারুণ্যকে খ. বার্ধক্যকে
গ. কৈশোরকে ঘ. শৈশবকে উ: খ

**২১. তরুণ নামের জয়মুকুট শুধু তাহারই-**
i. অফুরন্ত যাহার প্রাণ
ii. বিরাট যাহার ঔদার্য
iii. ক্লান্তিহীন যাহার উৎসাহ
নিচের কোনটি সঠিক? [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

**২২. বার্ধক্য বলতে প্রাবন্ধিক বুঝিয়েছেন-**
i. পুরাতনকে
ii. মিথ্যাকে
iii. মৃত্যুকে
নিচের কোনটি সঠিক? [গুলশান কমার্স কলেজ, ঢাকা]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
ঈদের কেনাকাটা করে বাড়ি ফিরছিল কলেজপড়ুয়া আব্দুল্লাহ। পথে অগলে দাঁড়ায় একদল ছিনতাইকারী। আব্দুল্লাহ তার কাছে থাকা টাকা-পয়সা ও দামি মোবাইল ফোন ছিনতাইকারীদের হাতে তুলে দিতে উদ্যত হতেই ষাটোর্ধ্ব রিকশাওয়ালা ছিনতাইকারীদের প্রতিহত করতে গিয়ে বেশ আহত হয়।
[নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী]

**২৩. 'যৌবনের গান' প্রবন্ধ অনুযায়ী আব্দুল্লাহর উর্দির নিচে বার্ধক্যের কী রয়েছে?**
ক. জড়তা খ. ছাপ
গ. দুর্বলতা ঘ. কঙ্কাল উ: ঘ

**২৪. 'যৌবনের গান' প্রবন্ধের আলোকে উদ্দীপকের রিকশাওয়ালার মাঝে খুঁজে পাওয়া যায়-**
i. যৌবনের জোয়ার
ii. বয়সের দৃঢ়তা
iii. অফুরন্ত প্রাণশক্তি
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
'আঠারো বছর বয়স যে দুর্বার
পথে প্রান্তরে ছোটায় বহু তুফান।' [শরীয়তপুর সরকারি কলেজ]

**২৫. উদ্দীপকের ভাবের সাথে 'যৌবনের গান' প্রবন্ধের কোন বাক্যাংশটির ভাবের মিল রয়েছে?**
ক. আমরা সকল দেশের, সকল জাতির
খ. এক ধ্যানের মৃণাল ধরিয়া বিকশিত হইতে চাই
গ. তাহারাই আজ মহামানব, মহাত্মা, মহাবীর
ঘ. তারুণ্য দেখিয়াছি আরবের বেদুইনদের মাঝে উ: ক

**২৬. আধুনিক তুরস্কের জনক কে?** [সাভার কলেজ, ঢাকা]
ক. এরদোগান খ. জিবরিল সিসে
গ. সামরি নাসরি ঘ. কামাল পাশা উ: ঘ

**২৭. সান-ইয়াত-সেন কোন দেশের রাজনীতিবিদ ছিলেন?**
[লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়, ঢাকা; শরীয়তপুর সরকারি কলেজ]
ক. চীনের খ. জাপানের
গ. তাইওয়ানের ঘ. কোরিয়ার উ: ক

**২৮. 'যৌবনের গান' মূলত কী?**
[মাইলস্টোন কলেজ, ঢাকা; শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ]
ক. প্রবন্ধ খ. কবিতা
গ. উপন্যাস ঘ. অভিভাষণ উ: ঘ

**২৯. 'যৌবনের গান' প্রবন্ধের বিষয়বস্তু হলো-**
[সৈয়দপুর সরকারি কারিগরী উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয়, নীলফামারী]
ক. যৌবনের দুরন্তপনা খ. অনাচারের বিরুদ্ধে যুদ্ধ
গ. যৌবনের প্রশস্তি ঘ. বার্ধক্যের স্বরূপ উ: গ

**৩০. 'যৌবনের গান' প্রবন্ধে যৌবন বলতে বোঝানো হয়েছে-**
ক. যুবকের দৈহিক শক্তিকে [শ্রীমঙ্গল সরকারি কলেজ]
খ. তারুণ্যের প্রাণশক্তিকে
গ. তরুণের দৈহিক শক্তিকে ঘ. নির্ভীকতাকে উ: খ

## জীবন ও বৃক্ষ
## মোতাহের হোসেন চৌধুরী

### সৃজনশীল রচনামূলক

১. শহীদুল দশম শ্রেণির বিজ্ঞানের শিক্ষার্থী। বৃক্ষের অক্সিজেন প্রদান, প্রাণিকুলের খাদ্যের জোগান ইত্যাদি শহীদুলের মনে দাগ কাটে। শহীদুল প্রতিজ্ঞা করে চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করবে। উচ্চ মাধ্যমিক উত্তীর্ণের পর ঢাকা মেডিকেল কলেজ থেকে কৃতিত্বের সাথে চিকিৎসা শাস্ত্রে ডিগ্রি অর্জন করে শহীদুল চলে আসে নিজ গ্রামে। এলাকায় প্রতিষ্ঠা করে দাতব্য চিকিৎসালয়। শহরের চাকচিক্য ও উচ্চ রোজগারের পথ পরিহার করে নিজ এলাকার সাধারণ মানুষের স্বাস্থ্যসেবাকে শহীদুল জীবনের ব্রত হিসেবে গ্রহণ করে। অপরদিকে তার বড়ো ভাই ডাক্তার মনিরুল চিকিৎসাকে ব্রত হিসেবে না নিয়ে ব্যাবসা হিসেবে গ্রহণ করে অঢেল সম্পদের মালিক হয়ে যায়। [কু. বো. '১৯]
ক. সাধনার ব্যাপারে বড়ো জিনিস কী?
খ. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।'— ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকের ডাক্তার মনিরুলের চেতনার সাথে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন দিকটি বৈসাদৃশ্যপূর্ণ? আলোচনা করো।
ঘ. "উদ্দীপকের শহীদুলের 'ব্রত' এবং 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের 'বৃক্ষের সাধনা' একই সূত্রে গাঁথা।"— তোমার মতের পক্ষে যুক্তি দাও।

২. নদী কভু পান নাহি, করে নিজ জল,
তরুগণ নাহি খায়, নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান
কাষ্ঠ দগ্ধ হয়ে করে, পরে অন্নদান।
স্বর্ণ করে নিজ রূপে, অপরে শোভিত
বংশী করে নিজ স্বরে অপরে মোহিত। [রা. বো. '১৮]
ক. 'তপোবন' প্রেমিক কে?
খ. বৃক্ষ কীভাবে নীরব ভাষায় আমাদের সার্থকতার গান শোনায়?
গ. উদ্দীপকের মূলভাব কোন বিচারে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের মূলভাবকে ধারণ করে, তোমার দৃষ্টিকোণ থেকে বিচার করো।
ঘ. "উদ্দীপকের চেতনা ও 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের চেতনা সামগ্রিক দৃষ্টিতে এক নয়"- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো।

৩. নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান,
কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্নদান।
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত,
বংশী করে নিজ সুরে অপরে মোহিত।
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে,
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে। [ঢা. বো. '১৮]
ক. নদীকে মনুষ্যত্বের প্রতীক বলেছেন কে?
খ. "যা তার প্রাপ্তি তাই তার দান।"- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের মর্মার্থ 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের বক্তব্যের সাথে কতটা সাদৃশ্যপূর্ণ? বিশ্লেষণ কর।
ঘ. "উদ্দীপকের বক্তব্য 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের সামগ্রিক ভাবের সংক্ষিপ্তসার।"- এ মন্তব্যের যথার্থতা মূল্যায়ন কর।

৪. কেউ ছালটা ছাড়িয়ে নিয়ে সিদ্ধ করছে। পাতাগুলো ছিঁড়ে শিলে পিষছে কেউ। কচি ডালগুলো ভেঙে চিবোয় কত লোক..... দাঁত ভালো থাকে। কবিরাজরা প্রশংসায় পঞ্চমুখ। বাড়ির পাশে গজালে বিজ্ঞরা খুশি হন। বলেন- নিমের হাওয়া ভালো, থাক, কেটো না। কাটে না, কিন্তু যত্নও করে না। হঠাৎ একদিন একটা নূতন ধরনের লোক এলো। মুগ্ধ দৃষ্টিতে চেয়ে রইল নিমগাছের দিকে। ছাল তুললে না, পাতা ছিঁড়লে না, ডাল ভাঙলে না, মুগ্ধ দৃষ্টিতে চেয়ে রইল শুধু। [ঢা. বো. '১৭]
ক. বৃক্ষের গান শুনতে হবে কীভাবে?
খ. "মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও"- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের নিমগাছটি 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের ক্ষেত্রে কতটা প্রাসঙ্গিক? আলোচনা কর।
ঘ. উদ্দীপকের মূল বক্তব্য 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর।

৫. ধন-রত্ন সুখৈশ্বর্য কিছুতেই সুখ নাই,
সুখ পর-উপকারে, তারি মাঝে খোঁজ ভাই।
'আমিত্ব'কে বলি দিয়া স্বার্থ ত্যাগ কর যদি,
পরের হিতের জন্য ভাব যদি নিরবধি।
নিজ সুখ ভুলে গিয়ে ভাবিলে পরের কথা,
তবেই পাইবে সুখ আত্মার ভিতরে তুমি। [য. বো. '১৭]

ক. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'তপোবন প্রেমিক' কাকে বলা হয়েছে?
খ. "সাধনার ব্যাপারে প্রাপ্তি একটা বড় জিনিস।"- বর্ণনা কর।
গ. উদ্দীপক এবং 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের সাদৃশ্য বর্ণনা কর।
ঘ. 'পরের হিতের জন্য ভাব যদি নিরবধি'- এ উক্তিতে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের মূলভাব প্রতিফলিত হয়েছে- উক্তিটি মূল্যায়ন কর।

৬.




[মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক. মোতাহের হোসেন চৌধুরীর 'সুখ' গ্রন্থটি কোন গ্রন্থের অনুবাদ?
খ. রবীন্দ্রনাথ ঠাকুর কেন নদীর গতির মধ্যে মনুষ্যত্বের সাদৃশ্য দেখতে পেয়েছেন?
গ. উদ্দীপকে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন দিকটি বিশেষভাবে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. 'যা তার প্রাপ্তি, তাই তার দান' উক্তিটি উদ্দীপক ও 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. সাধনার ব্যাপারে বড় জিনিস কী?
[য. বো. '১৬; কু. বো. '১৯; সি. বো. '১৬]
২. নদীকে মনুষ্যত্বের প্রতীক বলেছেন কে? [ঢা. বো. '১৮]
৩. তপোবনপ্রেমিক' কে? [রা. বো. '১৮; য. বো. '১৭]
৪. বৃক্ষের গান শুনতে হবে কীভাবে? [ঢা. বো. '১৭]
৫. নীরব ভাষায় বৃক্ষ আমাদের কী শোনায়? [ব. বো. '১৬]
৬. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
[নটর ডেম কলেজ, ঢাকা]
৭. মোতাহের হোসেন চৌধুরী কোন যুগান্তকারী আন্দোলনের জন্য স্মরণীয় হয়ে আছেন? [ঢাকা কলেজ]
৮. নীরব ভাষায় আমাদের গান গেয়ে শোনায় কে?
[রংপুর ক্যাডেট কলেজ]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।' ব্যাখ্যা করো।
[কু. বো. '১৯]
২. বৃক্ষ কীভাবে নীরব ভাষায় আমাদের সার্থকতার গান শোনায়?
[রা. বো. '১৮]
৩. "যা তার প্রাপ্তি তাই তার দান।"- ব্যাখ্যা কর। [ঢা. বো. '১৮]
৪. "তারই চরণে এরা নিবেদিতপ্রাণ।" কথাটি কাদের উদ্দেশ্যে বলা হয়েছে? ব্যাখ্যা কর।
৫. রবীন্দ্রনাথ ঠাকুর কেন। নদীর গতির মধ্যে মনুষ্যত্বের সাদৃশ্য দেখতে পেয়েছেন?
[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]
৬. "তাকে অনেক বাধা ডিঙানোর দুঃখ পেতে হয়"- লেখক এই কথাটি দ্বারা কী বোঝাতে চেয়েছেন?

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. মোতাহের হোসেন চৌধুরী কোন জেলায় জন্মগ্রহণ করেন?**
[সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজ]
ক. কুমিল্লা খ. সিলেট
গ. নোয়াখালী ঘ. ঢাকা উ: গ

**০২. মোতাহের হোসেন চৌধুরী বিশেষভাবে স্মরণীয় কোন আন্দোলনের জন্য?** [ঘাটাইল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, টাঙ্গাইল; সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা]
ক. বুদ্ধির মুক্তি আন্দোলন
খ. স্বদেশি আন্দোলন
গ. ব্রিটিশ বিরোধী আন্দোলন
ঘ. ফরায়েজী আন্দোলন উ: ক

**০৩. 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সাথে কোন নামটি যুক্ত?**
ক. মোতাহের হোসেন চৌধুরী [য. বো. '১৭]
খ. মুহম্মদ জাফর ইকবাল
গ. আনিসুজ্জামান
ঘ. আখতারুজ্জামান ইলিয়াস উ: ক

**০৪. 'বুদ্ধির মুক্তি আন্দোলনে'র অন্যতম কান্ডারি ছিলেন-**
i. সৈয়দ ওয়ালীউল্লাহ
ii. মোতাহের হোসেন চৌধুরী
iii. আখতারুজ্জামান ইলিয়াস
নিচের কোনটি সঠিক? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
ক. i খ. ii
গ. iii ঘ. ii ও iii উ: খ

**০৫. 'সংস্কৃতি কথা' গ্রন্থটির রচয়িতা কে?**[হলি ক্রস কলেজ, ঢাকা]
ক. আব্দুল কাদির
খ. কাজী নজরুল ইসলাম
গ. কাজী আবদুল ওদুদ
ঘ. মোতাহের হোসেন চৌধুরী উ: ঘ

০৬. 'Civilization' গ্রন্থের রচয়িতা কে? [সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী]
ক. ক্লাইভ বেল খ. বারট্রান্ড রাসেল
গ. গী দ্য মোপাসাঁ ঘ. জর্জ অরওয়েল উ: ক

০৭. "Conquest of Happiness" গ্রন্থের রচয়িতা কে? [পিরোজপুর সরকারি মহিলা কলেজ; সরকারি বরিশাল কলেজ; মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]
ক. বারট্রান্ড রাসেল খ. জিওফ্রে চসার
গ. ডগলাস অ্যাগমস ঘ. উইলিয়াম মরিস উ: ক

০৮. "সমাজের কাজ কেবল টিকে থাকার সুবিধা দেয়া নয়, মানুষকে বড় করে তোলা।" এখানে বড় করে তোলা বলতে কী বোঝানো হয়েছে? [আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ]
ক. মানসিক বৃদ্ধি খ. ত্যাগ
গ. ঘনিষ্ঠতা ঘ. আত্মমগ্নতা উ: ক

০৯. যে ধরনের মানুষে সংসার পরিপূর্ণ-
i. স্বল্পপ্রাণ
ii. স্থূলবুদ্ধি
iii. জবরদস্তিপ্রিয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

১০. স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে কোনটি পরিপূর্ণ? [রা. বো. '১৯; চ. বো. '১৭]
ক. জগৎ খ. সমাজ
গ. সংসার ঘ. দেশ উ: ঘ

১১. 'স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।' তাদের কাজ- [রা. বো, '১৬]
i. ভালো কাজে সহায়তা করা
ii. ভালো কাজে অন্তরায় সৃষ্টি করা
iii. অপরের নিন্দা রটানো
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. i ও ii ঘ. ii ও iii উ: খ

১২. 'জীবন ও বৃক্ষ' অনুযায়ী স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষেরা -- স্পর্শ লাভ করেনি? [কুমিল্লা রেসিডেন্সিয়াল কলেজ]
ক. যথার্থ চিন্তায় খ. গভীরচিত্তের
গ. মানবিকতায় ঘ. প্রেম ও সৌন্দর্যের উ: ঘ

১৩. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের বক্তব্য অনুযায়ী যারা প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি তাদের একমাত্র দেবতা কে?
ক. নিষ্ঠুরতা খ. অহংকার [কু. বো. '১৭]
গ. স্থূলবুদ্ধি ঘ. বিকৃতি উ: খ

১৪. এদের একমাত্র দেবতা অহংকার- 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের এই বাক্যে প্রকাশ পেয়েছে- [হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ]
ক. প্রেম ও সৌন্দর্যহীন অবস্থা
খ. মনুষ্যত্বের বেদনার কথা
গ. মানুষের প্রাণধর্মের গান
ঘ. অবিবেচকদের গর্বোদ্ধত মনোভাব উ: ক

১৫. বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়, কারণ-
ক. বৃক্ষ হলো সার্থকতার প্রতীক [য. বো. '১৬]
খ. বৃক্ষের দানে কোনো স্বার্থ নেই
গ. বৃক্ষ থেকে নানা ঔষধ তৈরি হয়
ঘ. বৃক্ষ নদীর মতোই বহমান উ: ক

১৬. মোতাহের হোসেন চৌধুরী বৃক্ষের জীবনের কোন দুটি জিনিস উপলব্ধি করার পক্ষপাতী? [সকল বোর্ড '১৮]
ক. সার্থকতা ও সজীবতা খ. গতি ও বিকাশ
গ. গতি ও প্রকৃতি ঘ. স্থৈর্য ও নীরবতা উ: ক

১৭. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'সজীবতা ও সার্থকতা' জীবন্ত দৃষ্টান্ত হিসেবে কীসের উল্লেখ রয়েছে? [সি. বো. '১৯]
ক. ফুলের খ. নদীর
গ. ফলের ঘ. বৃক্ষের উ: ঘ

১৮. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর নদীকে কীসের প্রতীক করতে চেয়েছেন? [কু. বো. '১৬]
ক. মনুষ্যত্বের খ. সৌন্দর্যের
গ. গতির ঘ. সার্থকতার উ: ক

১৯. গোপন ও নীরব সাধনা কার মধ্যে অভিব্যক্ত? [ঢা. বো. '১৯]
ক. বৃক্ষে খ. নদীতে
গ. মানুষে ঘ. ফুলে উ: ক

২০. নীরব ভাষায় বৃক্ষ আমাদের কীসের গান শোনায়? [সি. বো. ১৭]
ক. সাম্যের খ. শান্তির
গ. সার্থকতার ঘ. প্রীতির উ: গ

২১. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে কোন বৃদ্ধি মানুষকে অন্য প্রাণী থেকে আলাদা করেছে? [চ. বো. '১৯]
ক. সৃষ্টিশীল খ. পরিপূর্ণ
গ. সাধনালব্ধ ঘ. আত্মিক উ: ঘ

২২. আত্মাকে মধুর ও পুষ্ট করে গড়ে তুলতে প্রয়োজন- [ব. বো. ১৯]
i. বিচিত্র অভিজ্ঞতা
ii. প্রচুর প্রেম
iii. গভীর অনুভূতি
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**২৩. 'সাহিত্য শিল্পকলাই হতে পারে শিক্ষার প্রধান বস্তু।' কারণ এতে-** [জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ]

i. আত্মার উৎকর্ষ সাধিত হয়
ii. জীবনবোধের বিকাশ ঘটে
iii. জীবনবোধ ও মূল্যবোধে অন্তর পরিপূর্ণ হয়
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

স্কুল শিক্ষক আবির জ্ঞানচর্চার মাধ্যমে নিজেকে যেমন সমৃদ্ধ করেছেন, তেমনি আলোকিত করেছেন শিক্ষার্থীদের। [য. বো. '১৯; দি. বো. '১৬]

**২৪. উদ্দীপকের আবিরের জ্ঞানচর্চার মাধ্যমে নিজেকে সমৃদ্ধ করার সাথে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন বিষয়ের মিল রয়েছে?**

ক. নদীর সাগরে পতিত হওয়া
খ. দৈহিক বিকাশ ঘটানো
গ. মনুষ্যত্বের বেদনা উপলব্ধি
ঘ. বৃক্ষের ফুলে-ফলে পরিপূর্ণ হওয়া উ: ঘ

**২৫. উদ্দীপকের ভাবের প্রতিফলন ঘটেছে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন ভূমিকায়?**

ক. পরোপকারিতায় খ. প্রাপ্তি ও দানে
গ. আত্মনিবেদনে ঘ. বিকাশ সাধনে উ: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"নদী কভু পান নাহি করে নিজ জল/ তরুগণ নাহি খায় নিজ নিজ ফল গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান/সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে।" [কু. বো. '১৯]

**২৬. উদ্দীপকটি 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত করে-**

ক. ত্যাগের খ. স্বার্থচিন্তার
গ. অহংকারের ঘ. ভোগের উ: ক

**২৭. উদ্দীপক ও 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের বৈসাদৃশ্য হলো-**

i. অপরের অনিষ্ট সাধনে
ii. সেবাদানে
iii. স্বার্থপরতায়
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

**২৮. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের উৎস কী?** [ঝালকাঠি সরকারি মহিলা কলেজ]

ক. সংস্কৃতির কথা খ. সভ্যতা
গ. সংস্কৃতি কথা ঘ. সুখ উ: গ

**২৯. 'জীবন ও বৃক্ষ' কী ধরনের লেখা?** [কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ]

ক. প্রবন্ধ খ. গল্প
গ. রম্য ঘ. উপন্যাস উ: ক

**৩০. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'তপোবনপ্রেমিক রবীন্দ্রনাথ' বলতে যা বোঝানো হয়েছে-** [সি. বো. '১৬]

ক. অরণ্য ও বৃক্ষের বন্দনা
খ. নদী ও বৃক্ষের তুলনা
গ. বৃক্ষের বেদনা উপলব্ধি
ঘ. জীবনের গূঢ়ার্থ সন্ধান উ: ক

## গন্তব্য কাবুল

### সৈয়দ মুজতবা আলী

#### সৃজনশীল রচনামূলক

১. অনেকেই মনে করেন জ্ঞানের রাজ্যে বাংলা ভাষার সীমাবদ্ধতা আছে।আমি কিন্তু তা মনে করি না। কেননা বাংলা ভাষার গ্রহণ ক্ষমতা পৃথিবীর যেকোনো উন্নত ভাষার চেয়ে কম নয়। হাজার হাজার বিদেশি শব্দকে বাংলা ভাষা আত্মস্থ করেছে। ছোট ছোট কয়েকটি উদাহরণ দিই: ইংরেজি Round Table Conference বাংলায় হয়েছে গোল টেবিল বৈঠক। এই বাক্যে ইংরেজি বাংলা মিলিয়ে অবিকল ইংরেজির মতোই দ্যোতনার সৃষ্টি হয়েছে। ফাইনাল ফুটবল খেলা দেখতে যাব- এই বাক্যেও ইংরেজি বাংলায় কোনো গরমিল নেই। ১লা অক্টোবরের ইলেকশনে আমি ভোট দিয়েছি- এখানেও ইংরেজি ও বাংলা শব্দ ব্যবহারে একটি চমৎকার সমতা লক্ষ্য করা যায়।

ক. কার ভ্রমণের আগ্রহ ক্রমেই চুপসে আসছিল?
খ. 'গাঁক গাঁক করে ইংরেজি বলা' বলতে লেখক কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকটি 'গন্তব্য কাবুল' রচনার সঙ্গে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।
ঘ. "উদ্দীপকে 'গন্তব্য কাবুল' রচনার একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে মাত্র, পুরো বিষয় নয়।" মন্তব্যটি বিশ্লেষণ কর।

২. খানা টেবিলের সামনে গিয়ে যা দেখলুম, তাতে আমার মনে আর কোনো সন্দেহ রইল না যে, আমার ভৃত্য আগা আবদুর রহমান এককালে মেসের চার্জে ছিলেন। ডাবর নয়, ছোটখাটো একটা গামলাভর্তি মাংসের কোরমা বা পেঁয়াজ-ঘিয়ের ঘন কাথে সেরখানেক দুম্বার মাংস- তার মাঝে মাঝে কিছু বাদাম কিশমিশ লুকোচুরি খেলছে, এক কোণে একটি আলু অপাড়ন্তেয় হওয়ার দুঃখে

ডুবে মরার চেষ্টা করছে। আরেক প্লেটে গোটা আন্টেক ফুল বোম্বাই সাইজের শামী-কাবাব। বারকোশ থালায় এক ঝুড়ি কোফতা-পোলাও আর তার ওপরে বসে আছে একটি আস্ত মুর্গি-রোস্ট।

ক. জলন্ধরে শিলওয়ার বানাতে কত গজ কাপড় লাগে?

খ. "ব্রাদারলি ডিভিশন করে আলাকার্ত ভোজন" বলতে লেখক কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে 'গন্তব্য কাবুল' রচনার কোন অংশের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকে প্রতিফলিত বিষয়টি 'গন্তব্য কাবুল' রচনার মূল বিষয় নয়।" মন্তব্যটি বিশ্লেষণ কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. পেশাওয়ার থেকে জমরুদ দুর্গ কত মাইল? [নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী]

২. সর্দারজির মতে, কোন্ এলাকায় শিলওয়ার বানাতে সাড়ে সাত গজ কাপড় লাগে? [যশোর সরকারি মহিলা কলেজ]

৩. পাঠানমুল্লুকের প্রবাদ অনুসারে রাতের বেলা পেশাওয়ার কার? [যশোর সরকারি সিটি কলেজ]

৪. সৈয়দ মুজতবা আলী কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?

৫. সৈয়দ মুজতবা আলী কোথায় জন্মগ্রহণ করেন?

৬. সৈয়দ মুজতবা আলীর পৈতৃক নিবাস কোন জেলায়?

৭. সৈয়দ মুজতবা আলী কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "আপনি তো ওদের মালজানের জিম্মাদার নন।"- কে, কাকে, কেন বলেছে? ব্যাখ্যা কর।

২. 'গন্তব্য কাবুল' রচনায় উল্লিখিত খাইবার পাস কী? ব্যাখ্যা কর।

৩. "বেলাবেলি কাবুল পৌঁছবার আর কোনো ভরসাই রইল না।" ব্যাখ্যা কর।

৪. "ব্রাদারলি ডিভিশন করে আলাকার্ত ভোজন" বলতে লেখক কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর।

৫. 'আমি একা', এখন মনে হলো 'আমি ভয়ংকর একা'। ব্যাখ্যা কর।

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. সৈয়দ মুজতবা আলীর পৈতৃক নিবাস কোথায়?**
ক. যশোর খ. সিলেট
গ. বগুড়া ঘ. গাইবান্ধা উ: খ

**০২. সৈয়দ মুজতবা আলীর পিতার নাম কী?**
ক. সৈয়দ সিকান্দার আলী খ. সৈয়দ মশারফ আলী
গ. সৈয়দ ইকরাম আলী ঘ. সৈয়দ জহির আলী উ: ক

**০৩. সৈয়দ মুজতবা আলীর শিক্ষাজীবনের অধিকাংশ সময় কোথায় কেটেছে?**
ক. করিমগঞ্জ খ. রোয়াকপুর
গ. শান্তিনিকেতন ঘ. সিলেট উ: গ

**০৪. সৈয়দ মুজতবা আলী কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন?**
ক. কলকাতা খ. যাদবপুর
গ. আলীগড় ঘ. বিশ্বভারতী উ: ঘ

**০৫. সৈয়দ মুজতবা আলী কত সালে স্নাতক ডিগ্রি লাভ করেন?**
ক. ১৯২৫ সালে খ. ১৯২৬ সালে
গ. ১৯২৭ সালে ঘ. ১৯২৮ সালে উ: খ

**০৬. সৈয়দ মুজতবা আলী কোন বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন?**
ক. টরোন্টো বিশ্ববিদ্যালয়
খ. আলীগড় বিশ্ববিদ্যালয়
গ. জার্মানির বন বিশ্ববিদ্যালয়
ঘ. বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় উ: গ

**০৭. 'গন্তব্য কাবুল' প্রবন্ধটি কার লেখা?** [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]
ক. সৈয়দ মুজতবা আলী খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. সৈয়দ শামসুল হক ঘ. মানিক বন্দ্যোপাধ্যায় উ: ক

**০৮. 'গন্তব্য কাবুল' ভ্রমণকাহিনির লেখক কোথা থেকে থার্ডে উঠেছিলেন?**
ক. করিমগঞ্জ খ. হাওড়া
গ. শিলিগুড়ি ঘ. পশ্চিমবঙ্গ উ: খ

**০৯. "এটা ইয়োরোপিয়ানদের জন্য।"- কথাটি কে বলেছিল?**
ক. লেখক খ. ফিরিঙ্গি
গ. বৃদ্ধ ঘ. স্টেশনমাস্টার উ: খ

**১০. বাংলা শব্দের কোথায় অনুস্বার যোগ করলে সংস্কৃত হয়?**
ক. প্রথমে খ. মাঝে
গ. শেষে ঘ. শেষের আগে উ: গ

**১১. 'গন্তব্য কাবুল' ভ্রমণকাহিনিতে ফিরিঙ্গি কোথাকার নেটিভ?**
ক. হাওড়া খ. করিমগঞ্জ
গ. তালতলা ঘ. দিনাজপুর উ: গ

**১২. 'গন্তব্য কাবুল' ভ্রমণকাহিনিতে লেখকের ভ্রমণের উৎসাহ চুপসে আসছিল কেন?**
ক. সাথে ফিরিঙ্গি ছিল বলে খ. একা ছিলেন বলে
গ. অসুস্থ ছিলেন বলে ঘ. ভালো গাড়ি পাননি বলে উ: খ

**১৩. 'গন্তব্য কাবুল' ভ্রমণকাহিনিতে উল্লিখিত সুদর্শন তরবারি কোথাকার?**
ক. কাবুল খ. পেশাওয়ার
গ. খাইবার পাস ঘ. দামেস্ক উ: ঘ

**১৪. রাস্তার উপর রাহাজানি না করার শর্তে ইংরেজ কাদের দু-টাকা করে খাজনা দেয়?**
ক. শিখদের খ. পাঠানদের
গ. কাবুলিদের ঘ. ডাকাত সর্দারদের উ: খ

**১৫. দুনিয়ার সব পরীক্ষা পাশ করার চেয়ে বড় পরীক্ষা কোনটি?**
ক. পাঠানদের বিরুদ্ধে যুদ্ধে পাশ
খ. আফ্রিদি আফ্রিদি যুদ্ধে পাশ
গ. খাইবার পাস পাশ
ঘ. ঠান্ডা জলে গোসলের পরীক্ষায় পাশ উ: গ

**১৬. সৈয়দ মুজতবা আলীর 'গন্তব্য কাবুল' শীর্ষক রচনাটি কোন গ্রন্থ থেকে সংকলিত?** [সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম]
ক. শবনম খ. পঞ্চতন্ত্র
গ. চাচাকাহিনি ঘ. দেশে-বিদেশে উ: ঘ

**১৭. সৈয়দ মুজতবা আলী রচিত 'গন্তব্য কাবুল' কী?** [আনন্দ মোহন সরকারি কলেজ, ময়মনসিংহ]
ক. ভ্রমণকাহিনি খ. গল্পগ্রন্থ
গ. কাব্যগ্রন্থ ঘ. উপন্যাস উ: ক

**১৮. 'গন্তব্য কাবুল' রচনায় লেখক কাকে 'অত্যন্ত বন্ধুবৎসল' বলেছেন?** [নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী]
ক. বুড়ো সর্দারজি খ. ফিরিঙ্গি
গ. বেতারকর্তা ঘ. ড্রাইভার উ: ক

**১৯. 'গন্তব্য কাবুল' ভ্রমণকাহিনির পাঠে পরিচয় ঘটে লেখকের-**
i. জীবনবোধের সাথে
ii. সাহিত্যভান্ডারের সাথে
iii. নিজস্ব শিল্পবৈশিষ্ট্যের সাথে
নিচের কোনটি সঠিক? [হাজেরা-তজু ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

**২০. জর্মন মাউজার কারখানাটি কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ক. ১৮৭২ খ. ১৮৭৩
গ. ১৮৭৪ ঘ. ১৮৭৫ উ: গ

**২১. কারা খাইবার পাস দিয়ে ভারী রেলওয়ে নির্মাণ করে?**
ক. পর্তুগিজরা খ. ডাচরা
গ. ফরাসিরা ঘ. ব্রিটিশরা উ: ঘ

**২২. টাট্টু ঘোড়ায় টানা দুই চাকার গাড়িকে কী বলে?**
ক. টমটম খ. টাঙা
গ. ঘোড়াগাড়ি ঘ. টমটমি উ: খ

নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
আকবর সাহেব তার কয়েকজন বন্ধুর সঙ্গে কক্সবাজারে ঘুরতে যান। যাত্রাপথের বিরতিতে তিনি হোটেলে ঢোকেন। সবকিছু এত পরিষ্কার ও পরিচ্ছন্ন যে তিনি অবাক হয়ে যান। তার অনেক স্বস্তিবোধ হয় এবং তৃপ্তি করে রাতের আহার করে পুনরায় গাড়িতে ওঠেন। [মহিলা কলেজ, চট্টগ্রাম]

**২৩. উদ্দীপকের যাত্রাবিরতির হোটেল 'গন্তব্য কাবুল' রচনার কীসের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**
ক. হুক্কা খ. খাইবার পাস
গ. সরাই ঘ. পেশাওয়ার উ: গ

**২৪. উভয়ের মধ্যে অমিল হলো-**
i. পরিবেশে
ii. খাবারে iii. প্রকৃতিতে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
মানিকের লেখায় খুঁজে পাওয়া যায় গভীর জীবনবোধ। তিনি লিখেছেন মনের আনন্দে। তিনি মনে করতেন তাঁর লেখা পাঠকের ভালো লাগালেই শ্রম সার্থক। [খুলনা সরকারি মহিলা কলেজ]

**২৫. উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন রচনার ভাবগত মিল রয়েছে?**
ক. সাহিত্যে খেলা খ. গন্তব্য কাবুল
গ. যৌবনের গান ঘ. বিদ্রোহী উ: খ

২৬. উদ্দীপকের ভাবটি কোন বক্যে যথার্থভাবে ফুটে উঠেছে?
ক. সাহিত্যচর্চার উদ্দেশ্য মানুষকে আনন্দ দেওয়া
খ. সাহিত্যের উদ্দেশ্য খেলনা তৈরি করা
গ. সাহিত্য পাঠকের মনোরঞ্জন করে
ঘ. সাহিত্য শুধু পাঠকের বিনোদন দেয় উ: ক

## মাসি-পিসি
### মানিক বন্দ্যোপাধ্যায়

সৃজনশীল রচনামূলক

১. পিতৃহীন রাশেদার স্বামীর সংসারে মোটেই সুখ নেই। অর্থের জন্য শ্বশুর-শাশুড়ি তাকে মানসিক নির্যাতন করে। গর্ভবতী হওয়া সত্ত্বেও নেশাখোর স্বামী তার গায়ে হাত তোলে। স্বামীর নির্মম অত্যাচারে প্রায়ই সে অজ্ঞান হয়ে যায়। নির্যাতন সহ্য করতে না পেরে একসময় রাশেদার প্রতিবাদী নারীসত্তা জেগে ওঠে। নির্দয় স্বামীর কাছে নতি স্বীকার না করে আইনের আশ্রয়ে স্বামী ও শ্বশুর-শাশুড়িকে জেলে পাঠায়। [চ. বো. '২৫; ঢা. বো. '২৪]

ক. বাজারের তোলা নিয়ে মাসি-পিসির কার সঙ্গে ঝগড়া হয়?
খ. "হাতে দুটো পয়সা এলে তোমারও স্বভাব বিগড়ে যায় কৈলেশ।"- উক্তিটি বুঝিয়ে লেখ।
গ. উদ্দীপকের রাশেদার স্বামীর সাথে 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর।
ঘ. উদ্দীপকের সামাজিক' সংকট 'মাসি-পিসি' গল্পের সমাজ বাস্তবতার অনুরূপ।"- মন্তব্যটির সত্যতা নিরূপণ কর।

২. চারিদিকে যখন আকালের ভয়াবহতা তখন জয়গুন তার সন্তানদের নিয়ে বেঁচে থাকার লড়াই শুরু করে। সন্তানদের কথা ভেবে সমস্ত সংকোচ ও লোকলজ্জা পেছনে ফেলে কাজ খুঁজতে থাকে জয়গুন। গ্রামে কোনো কাজ না পেয়ে সে শহরে একটি খাবার হোটেলে কাজ নেয়। দিন-রাত পরিশ্রম করে যা পায়, তা দিয়ে সে সন্তানদের লেখাপড়ার খরচ চালায়। সন্তানদের উচ্চশিক্ষা ও নিরাপদ জীবনে পৌঁছে দেওয়ার জন্য সে প্রতিজ্ঞাবদ্ধ। কাজ শেষে অনেক রাতে সে বাড়িতে ফেরে। নানা লোকের নানা কথা, তাদের হাসি-তামাশা, তুচ্ছ-তাচ্ছিল্য আর অপমান কিছুই তাকে তার সংকল্প থেকে সরাতে পারেনি। [সি. বো. '২৫]

ক. 'সালতি' কী?

খ. "মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি"- উক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের জয়গুনের উপার্জনের পথ ও 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসির উপার্জনের পথ ভিন্নতর কেন? আলোচনা কর।

ঘ. "উদ্দীপকের জয়গুনের সংগ্রামী জীবনের কেন্দ্রবিন্দুতে রয়েছে সন্তান আর মাসি-পিসির জীবন-সংগ্রামের কেন্দ্রবিন্দু হলো আহ্লাদি।"- উক্তিটি মূল্যায়ন কর।

৩. কৃষ্ণা নামের এক সাহসী নারী বাঙালি গ্রামাঞ্চলের ইতিহাসে অমর হয়ে আছেন। বিপ্লবী আন্দোলনের সময় তিনি একদল নারীকে নেতৃত্ব দিয়েছিলেন। সাধারণ কৃষক পরিবারের মেয়ে কৃষ্ণা মাত্র ১৬ বছর বয়সে স্থানীয় জমিদারের অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ গড়ে তোলেন। নিজের সাহসিকতা ও নেতৃত্বগুণে তিনি গ্রামের মেয়েদের একত্রিত করে অত্যাচারী জমিদারের বাহিনীর বিরুদ্ধে লড়াই করেন। তার নেতৃত্বে গ্রামবাসীরা এক অসম যুদ্ধে জমিদারের বাহিনীকে পরাজিত করে। কৃষ্ণার এই সংগ্রাম গ্রামের নারীদের মধ্যে নতুন আশা ও শক্তি সঞ্চার করে।

[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

ক. 'মাসি-পিসি' গল্পে কোন লোকটা মাসি-পিসির অচেনা?

খ. "ঈষৎ তন্দ্রার ঘোরে শিউরে ওঠে আহ্লাদি"- কেন?

গ. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটি উদ্ভাসিত?- ব্যাখ্যা কর।

ঘ. "সাদৃশ্য থাকলেও উদ্দীপকের কৃষ্ণা এবং 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি এক নয়।"- মন্তব্যটির সত্যতা যাচাই কর।

৪. স্বামী পরিত্যক্তা সাহেলা শহরের অলিগলিতে শাক-সবজি বিক্রি করে জীবন চালায়। অবস্থাসম্পন্ন ঘরে বিয়ে হলেও ভাগ্য তাকে এখানে এনে দাঁড় করিয়েছে। জীবনযুদ্ধে হার না মানা সাহেলা দুই সন্তানের লেখাপড়াও চালিয়ে যাচ্ছে। যখন ঘরের বাইরে থাকে, তখন তার চিন্তার শেষ থাকে না সোম ও মেয়ে ময়নার জন্য। আবার রাতেও নির্বিঘ্নে ঘুমাতে পারে না গুন্ডা-বদমাশদের অত্যাচারে। [কু. বো. '২৪]

ক. 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির বাবা কী রোগে মারা গিয়েছিল?

খ. "নিজেকে তার ছ্যাঁচড়া, নোংরা, নর্দমার মতো লাগে।"- উক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সাহেলা 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? বিশ্লেষণ কর।

ঘ. "উদ্দীপকের সাহেলার সংগ্রাম ও 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসির সংগ্রাম একই ধারায় প্রবাহিত।"- উক্তিটির যথার্থতা নিরূপণ কর।

৫. এইখানে তোর বুজির কবর পরীর মতন মেয়ে,
বিয়ে দিয়েছিনু কাজিদের বাড়ি বনিয়াদি ঘর পেয়ে।
এত আদরের বুজিরে তাহারা ভালোবাসিত না মোটে,
হাতেতে যদিও না মারিত তারে শত যে মারিত ঠোঁটে।

[দি. বো. '২৪]

ক. "ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়"- এখানে কার ছেলের কথা বলা হয়েছে?

খ. "বুড়ো রহমান ছলছল চোখে তাকায় আহ্লাদির দিকে"- কেন? বুঝিয়ে দাও।

গ. উদ্দীপকের বুজির উপর নির্যাতনের সঙ্গে 'মাসি-পিসি' গল্পের আহ্লাদির উপর নির্যাতনের তুলনা কর।

ঘ. "নারীর প্রতি পুরুষের অমানবিক আচরণের প্রামাণ্য দলিল উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের নারীদের উপর নির্যাতন"- মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর।

৬. সীমা শৈশবে মা-বাবাকে হারিয়ে চাচার আশ্রয়ে ছিল। সেখানে থাকাকালীন তার বাল্যবিবাহ হয়। স্বামীর ঘরে অত্যাচার-নির্যাতন, পরে তালাক। চাচার তেমন সহযোগিতা না পেলেও দমেনি সীমা। টিউশনি করে লেখাপড়া চালিয়ে যায় সে। সীমা এখন মেডিকেল কলেজের তৃতীয় বর্ষের ছাত্রী। [রা. বো. ২৩]

ক. 'মাসি-পিসি' গল্পটির লেখক কে?

খ. আহ্লাদি স্বামীর বাড়ি যেতে চায় না কেন?

গ. উদ্দীপকের চাচা ও 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

ঘ. "উদ্দীপকের সীমা এবং 'মাসি-পিসি' গল্পের আহ্লাদি উভয়েই নির্যাতিত নারীসমাজের প্রতিনিধি।"- বিশ্লেষণ করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. সালতি কী? [ব. বো.; সি. বো. '২৫]

২. বাজারের তোলা নিয়ে মাসি-পিসির কার সঙ্গে ঝগড়া হয়? [চ. বো. '২৫; ঢা. বো. '২৪]

৩. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত/প্রকৃত নাম কী? [ম. বো. '২৫; য. ব '২৩][ভিকারুননিসা নূন কলেজ]

৪. 'মাসি-পিসি' গল্পে বর্ণিত বুড়ো লোকটির নাম কী? [চ. বো. ২৪]

৫. 'মাসি-পিসি' গল্পে উল্লিখিত বাবুর নাম কী? [দি. বো. '২২]

৬. 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির বাবা কী রোগে মারা গিয়েছিল? [কু. বো. '২৪; আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ]

## খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি"-সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। [ব. বো., য. বো. '২৫] [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]

২. আহ্লাদির দিকে তাকিয়ে বৃদ্ধ রহমানের চোখে জল আসে কেন? বুঝিয়ে দাও। [ম. বো. '২৫, '২৩ য. বো. ২৩; চ. বো. ২২; সি. বো., দি. বো. ১৯]

৩. "ফের আসুক, আদরে রাখব যদ্দিন থাকে।"- ব্যাখ্যা কর। [ঢা. বো. '২৪]

৪. 'ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়।'— উক্তিটি ব্যাখ্যা করো। [ব. বো. '১৯]

৫. "নিজেকে তার ছ্যাঁচড়া, নোংরা, নর্দমার মতো লাগে।"-উক্তিটি ব্যাখ্যা কর। [কু. বো. '২৪]

৬. 'অতি সন্তর্পণে তারা বিছানা ছেড়ে ওঠে।'— কাদের সম্পর্কে এবং কেন বলা হয়েছে? [কু. বো. '১৯]

৭. "মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি।"-উক্তিটির প্রাসঙ্গিকতা লেখ। [সি. বো. '২৫; চ. বো. '২৪]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. "শকুনরা উড়ে এসে বসছে পাতাশূন্য শুকনো গাছটায়।"- এখানে শকুন কীসের প্রতীক?** [কু. বো. '২৫]
ক. মন্বন্তর খ. হাহাকার
গ. দীর্ঘশ্বাস ঘ. অপশক্তি উ: ঘ

**০২. ছলছল চোখে আহ্লাদির দিকে কে তাকিয়ে ছিল?** [চ. বো. '২৫; ব. বো. '২৪]
ক. মাসি খ. পিসি
গ. জগু ঘ. বুড়ো রহমান উ: ঘ

**০৩. 'মাসি-পিসি' গল্পে দারোগা বাবু কার সাথে বসে আছেন?** [রা. বো. '২৫]
ক. ওসমান খ. সাধু-বৈদ্য
গ. জগু ঘ. গোকুল উ: ঘ

**০৪. কানাই চৌকিদারের 'ভ্যাবাচ্যাকা' খাওয়ার কারণ কী?** [রা. বো. '২৫]
ক. মাসি-পিসির আকস্মিক চিৎকার
খ. মাসি-পিসির হাতে ধারালো অস্ত্র
গ. দারোগা বাবুর ধমক খাওয়া
ঘ. সাথের লোকজন চলে যাওয়া উ: খ

**০৫. কানাই ও তার সহযোগীদের ভ্যাবাচ্যাকা খাওয়ার অন্তর্নিহিত তাৎপর্য-** [দি. বো. '২৫]
ক. মাসি-পিসির সরলতা
খ. মাসি-পিসির প্রতিবাদী চেতনা
গ. মাসি-পিসির সততা
ঘ. মাসি-পিসির দাম্ভিকতা উ: খ

**০৬. মাসি-পিসির মধ্যে গভীর ভাব গড়ে ওঠার কারণ কোনটি?**
ক. অর্থ উপার্জন করে বলে [রা. বো. ২৪; ব. বো. ২৫, ২৪]
খ. দুইজনই বিধবা বলে
গ. একসাথে ব্যবসা করায়
ঘ. আহ্লাদির দায়িত্ব কাঁধে পড়ায় উ: ঘ

**০৭. কী বিক্রি করে মাসি-পিসি জগুকে ভালো-মন্দ দশটা জিনিস খাইয়েছে?** [ঢা. বো. '২৪]
ক. সালতি খ. গাভি
গ. তরকারি ঘ. ছাগল উ: ঘ

**০৮. 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির বাপ কী রোগে মারা যায়?**
ক. টাইফয়েড খ. ম্যালেরিয়া [কু. বো. '২৪, '১৭]
গ. কলেরা ঘ. বসন্ত উ: গ

**০৯. মাসি-পিসি তাদের সংগ্রামী জীবনে নিচের কোন কাজটির সাথে সম্পৃক্ত ছিল না?** [দি. বো. '২৪]
ক. ধান ভানা খ. কাঁথা সেলাই করা
গ. ডালের বড়ি বেচা ঘ. অন্যের বাসায় কাজ করা উ: ঘ

**১০. "জগু আর সেই জগু নেই"- বলতে জগু চরিত্রের কোনটিকে বোঝানো হয়েছে?** [সি. বো. '২৩; দি. বো. '২৫]
ক. লোভ দূরীকরণ খ. আর্থিক সমৃদ্ধি
গ. চারিত্রিক পরিবর্তন ঘ. মানসিক বিকৃতি উ: গ

**১১. ঈষৎ তন্দ্রার ঘোরে কে শিউরে ওঠে?** [কু. বো. '২৫]
ক. আহ্লাদি খ. জগু
গ. মাসি ঘ. পিসি উ: ক

**১২. 'মাসি-পিসি' গল্পে- "রসুই চালায় ঝাঁপ এঁটে মাসি-পিসি বাইরে যায়।"- এখানে 'রসুই চালা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক. ড্রয়িং রুম খ. রান্নার ঘর [ঢা. বো. '২৫]
গ. শোয়ার ঘর ঘ. জিনিসপত্রের ঘর উ: খ

**১৩. 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?** [রা. বো. '২৪, '১৯; চ. বো. '২৩, '২২, '১৭; ম. বো. '২৪]
ক. বিজলী খ. সবুজপত্র
গ. দৈনিক স্বাধীনতা ঘ. পূর্বাশা উ: ঘ

**১৪. মানিক বন্দ্যোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন?** [ঢা. বো. '২৩; রা. বো. '২৩, '১৬]
ক. ১৮০৮ সালে খ. ১৮৩৮ সালে
গ. ১৯০৮ সালে ঘ. ১৯৩৮ সালে উ: গ

**১৫. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কী?** [সি. বো. '২২]
ক. সুবোধকুমার বন্দ্যোপাধ্যায়
খ. প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায়
গ. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়
ঘ. সরোজকুমার বন্দ্যোপাধ্যায় উ: গ

**১৬. 'দিবারাত্রির কাব্য' কী জাতীয় রচনা?** [কু. বো. '২৩]
ক. কাব্য খ. উপন্যাস
গ. নাটক ঘ. ছোটগল্প উ: খ

**১৭. "ওসব এক রকম ছেড়ে দিয়েছে'জগু"- এখানে 'ওসব' বলতে কী বোঝানো হয়েছে?** [সি. বো, '২২]
ক. মারধর করা খ. মামলা-মোকদ্দমা করা
গ. গালমন্দ করা ঘ. নেশা করা উ: ঘ

**১৮. 'মাসি-পিসি' গল্পে "বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো"- বাক্যটিতে প্রকাশ পেয়েছে-**[ঢা. বো., চ. বো. ২৩; ব. বো. ১৬]
ক. কুসংস্কার খ. প্রথানুগত্য
গ. জামাইপ্রীতি ঘ. জামাইভীতি উ: খ

১৯. মাসি-পিসি আহ্লাদিকে প্রতিকূল পরিবেশ থেকে বাঁচাতে সক্ষম হয়েছিল যে শক্তির দ্বারা, তা হচ্ছে-[ঢা. বো. ২৫; রা. বো. ১৬]
i. ঐক্য ii. পেশি শক্তি
iii. সাহস
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

**২০. 'মাসি-পিসি' গল্পে প্রকাশ পেয়েছে-** [ম. বো. '২৪]
i. নারীর লাঞ্ছনার চিত্র
ii. তৎকালীন সমাজবাস্তবতা
iii. প্রান্তিক জীবনের অসহায়ত্ব
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**২১. "দারোগা বাবু এসে বসে আছেন বাবুর সাথে।" 'মাসি-পিসি' গল্পের এ বাক্যে প্রকাশ পায়-** [কু. বো. ২৩; সকল বোর্ড ১৮]
i. বাবুর সাথে দারোগা বাবুর সম্পর্কে রয়েছে
ii. দারোগা বাবুর হুকুম পালন করতে হবে
iii. দারোগা বাবু মাসি-পিসির বিচার করতে এসেছেন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
নানা তুচ্ছ কারণে হাসিবুল স্ত্রী নাসিমাকে মারধর করে। কয়দিন আগেই প্রচন্ড মারধর করেছে বাপের বাড়ি থেকে টাকা এনে দেওয়ার জন্য। [সি. বো. '২৫]

**২২. উদ্দীপকের হাসিবুলের সঙ্গে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি?**
ক. কানাই খ. গোকুল
গ. কৈলেশ ঘ. জগু উ: ঘ

**২৩. উপর্যুক্ত সাদৃশ্যের কারণ-**
i. নারীর প্রতি অবজ্ঞা
ii. নারীর প্রতি লোলুপতা
iii. নারীর প্রতি নিষ্ঠুরতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

## কপিলদাস মুর্মুর শেষ কাজ

### শওকত আলী

#### সৃজনশীল রচনামূলক

১. উনিশশো সাতচল্লিশ সালের দেশ বিভাগের পর থেকেই পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী এদেশবাসীর ওপর সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক, ধর্মীয়সহ নানা দিক থেকে শোষণ-বঞ্চনা চালাতে থাকে। দেশের মানুষ এ সকল শোষণ-বঞ্চনার বিরুদ্ধে প্রথম সোচ্চার হয় বাংলাকে মাতৃভাষা হিসেবে প্রতিষ্ঠা করার দাবি নিয়ে। এই দাবি আদায়ে ঝরাতে হয় রক্ত। পরবর্তীকালের প্রতিটি যৌক্তিক দাবির বিপরীতে পাকিস্তানিদের একের পর এক সীমাহীন দমন-পীড়ন ও অত্যাচার-বৈষম্যের বিরুদ্ধে দেশবাসী সংক্ষুব্ধ হয় এবং ফুঁসে ওঠে। তাদের উচ্চকিত স্লোগানে আন্দোলিত হয় শহর-বন্দর-গ্রাম।
ক. মুর্মু কী?
খ. 'কপিলদাস বুড়োর কাছে সবই একটার সাথে আরেকটা মেলানো মনে হয়।'- কেন?
গ. উদ্দীপকের দেশবাসীর সাথে কপিলদাস মুর্মুর চেতনাগত সাদৃশ্য ব্যাখ্যা কর।
ঘ. 'কপিলদাস মুর্মুর অতীত ও বর্তমানই তাঁকে উদ্দীপকের দেশবাসীর প্রতিনিধি হিসেবে দাঁড় করিয়ে দেয়।'- তোমার পঠিত গল্প অবলম্বনে মন্তব্যটির যথার্থতা যাচাই কর।

২. সারা বন কুড়ালের শব্দে মুখর। হিন্তাল, হোগলা আর উলুখড়ের বন নিঃশেষ হচ্ছে। বড়ো বড়ো গাছ কুড়ালের ক্রমাগত আঘাতে প্রাচীন ভাইড়ালেরর মতো আর্তনাদ করে লুটিয়ে পড়ছে। এগিয়ে চলেছে মানুষ। এগিয়ে চলেছে সভ্যতা। এখানে মোরেলদের আবাদ চলবে। ফসল ফলবে। গড়ে উঠবে মনুষ্য বসতি। মহারাজ গলার ঘণ্টার শব্দ ছড়িয়ে এগিয়ে চলেছে। আবাদি এলাকার কাজ

পরিদর্শনে বেরিয়েছে সাহেব হেনরি। আগে-পিছে ঘোড়ায় চলছে মোহন খাঁ আর কালু বাওয়ালি। কালু বাওয়ালি নামকরা শিকারি। একবার বাঘের সঙ্গে খালি হাতে লড়াই করছিল সে। দুপাশে কয়েদিরা একজন ঠিকাদারের তত্ত্বাবধানে গাছ কাটছে। কুড়ালের একবার বাঘের সোনকান করে শব্দ তুলছে তাদের পায়ের শিকল। হেনরি হাতির ওপর বসে বলল- এই। আজকের মধ্যে এই এলাকাটা সাফ করতে হবে। বুঝলি?

ক. দীনেশ কিস্কুর উঠোনে হুড়মুড় করে কী ঢুকে পড়বে?

খ. "বস্তিটস্তি উঠে যাবে আর ট্রাকটর চলতে থাকবে ঘরবাড়ি-ভিটেমাটির উপর দিয়ে।"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটি 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পের কোন দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?- ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের হেনরি এবং 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পের পরিষ্কার জামা-কাপড় পরা লোকটার উদ্দেশ্য কি একসূত্রে গাঁথা? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

৩. সুখীপুর গ্রামের খাস জমিতে অনেকদিন ধরে বাস করছে বেদে সম্প্রদায়। তাদের এখন আর আলাদা মনে হয় না। গ্রামের সকলের সাথে তারা মিলেমিশে বসবাস করে। বেশ কিছুদিন পর সরকারি জরিপ আসে- খাস জমিটি ফাঁকা করে সেখানে মার্কেট নির্মাণ করা হবে। তখন গ্রামের সকলে বাধা দেয়। তারা বেদে সম্প্রদায়ের পাশে দাঁড়িয়ে সরকারের কাছে আবেদন করে জমিটি পুনর্বহাল রাখে।

ক. 'লেলিহান সাধ' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

খ. "ভারি ধীর নোয়ানো স্বর। শান্তভাবে পরামর্শ হচ্ছে যেন।"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকটি 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পের সাথে কোন দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর।

ঘ. "উদ্দীপকের গ্রামবাসী আর 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পের মোড়ল গুপীনাথ চেতনায় যেন বিপরীত।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. মুর্মু কী?

২. কোথায় নতুন ঘুন্টি বাঁধা হয়েছে?

৩. 'লেলিহান সাধ' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

৪. বিচার সভার কোন দৃশ্যটা কপিলদাসের স্মরণে আসে না?

৫. কপিলদাস মুর্মুর শেষ কাজ কী ছিল?

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "সেখানে কাঁপন নেই, উত্তেজনা নেই, চিৎকার নেই।"- ব্যাখ্যা কর।

২. "হ্যাঁ মড়ল তুই বুড়া মানুষ, তুই কিছু করিবা পারিস না।" কথাটি বুঝিয়ে লেখ।

৩. 'কপিলদাস বুড়োর কাছে সবই একটার সাথে আরেকটা মেলানো মনে হয়।'- কেন?

৪. "বুঢ়া দাদা তুমার বস্তিটা আর এইঠে থাকবে নাই, ইবছর এইঠে ধানের আবাদ হবে।"- ব্যাখ্যা কর।

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. শওকত আলীর জন্মস্থান কোথায়?**

ক. দিনাজপুর খ. উত্তর দিনাজপুর

গ. দক্ষিণ দিনাজপুর ঘ. পশ্চিম দিনাজপুর উ: খ

**০২. শওকত আলীর রচিত গ্রন্থ হলো-**

i. জাহান্নাম হইতে বিদায়

ii. প্রদোষে প্রাকৃতজন

iii. পিঙ্গল আকাশ

নিচের কোনটি ঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: গ

**০৩. কপিল দাসের মতে, সংসারের অনেক ভিতরে শান্ত ধীর এবং নিরবচ্ছিন্ন একটা কী আছে?** [হাজেরা-তজু ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা]

ক. টান খ. স্মৃতি

গ. স্রোত ঘ. ভাব উ: গ

**০৪. কালিদাসের বাবার নাম কী?**

[যশোর সরকারি সিটি কলেজ; চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]

ক. শুকদেব খ. দিবোদাস

গ. জয়হরি ঘ. নগেন হেরো উ: খ

**০৫. কপিলদাস মুর্মুর কে?** [আনন্দ মোহন সরকারি কলেজ, ময়মনসিংহ]

ক. মোড়ল খ. মহাজন

গ. বৃদ্ধ সাঁওতাল ঘ. যোদ্ধা উ: গ

**০৬. 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পে শুকদেবের ব্যাটার নাম কী?**

[নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী]

ক. চতুর মাঝি খ. কপিলদাস

গ. জয়হরি ঘ. নগেন হোরোর উ: ক

**০৭. 'মুর্মু' শব্দের অর্থ কী?**

ক. মৃতপ্রায় খ. অর্ধমৃত

গ. নীল গাভি ঘ. মৃত উ: গ

**০৮. 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পে কোন শহরের টাঙন নদীর কথা বোঝানো হয়েছে?**

ক. পঞ্চগড় খ. ঠাকুরগাঁও

গ. সিলেট ঘ. টাঙ্গুয়া উ: খ

**০৯. 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**

ক. পিঙ্গল আকাশ খ. প্রদোষে প্রাকৃতজন

গ. লেলিহান সাধ ঘ. উত্তরের ক্ষেপ উ: গ

**১০. 'লেলিহান সাধ' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?**

ক. ১৯৭৬ সালে খ. ১৯৭৭ সালে

গ. ১৯৭৮ সালে ঘ. ১৯৭৯ সালে উ: খ

**১১. কপিলদাস মুর্মু কোন সম্প্রদায়ের?**

ক. গারো খ. চাকমা

গ. সাঁওতাল ঘ. মারমা উ: গ

**১২. টাঙনের স্রোতে আজকাল শান্ত ভাব থাকে-**

i. আসমানের শান্ত শীতের মতো

ii. কান্দরের শান্ত শীতের মতো

iii. দিগন্তজোড়া শান্ত শীতের মতো

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

১৩. কপিলদাস মুর্মুর ভাবনায় সংসারের অনেক ভেতরে বয়ে চলা স্রোতটি-

i. শান্ত

ii. ধীর iii. নিরবচ্ছিন্ন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**১৪. কপিলদাস মুর্মুর ভাবনায় সংসারের ভেতরে দিয়ে বয়ে চলা স্রোতটির বৈশিষ্ট্য-**

i. কাঁপনহীন

ii. উত্তেজনাহীন iii. চিৎকারহীন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

রবীন্দ্রনাথ ঠাকুরের 'দুই বিঘা জমি' কবিতায় দেখা যায় জমিদার উপেনের জমিতে বাগান করতে চায়। কিন্তু উপেন জমি দিতে চায় না। তখন জমিদার জোর করে উপেনের জমি দখল করে। কিন্তু উপেনের মধ্যে কোনো প্রতিবাদী রূপ দেখা যায় না। সে শুধু ঈশ্বরের কাছে বলে রাখে।

**১৫. উদ্দীপকের উপেনের সাথে বৈসাদৃশ্যগত চরিত্র হলো-**

ক. দীনদাস খ. মহিন্দর

গ. কপিলদাস ঘ. ভায়া মাঝি উ: গ

**১৬. উদ্দীপকের উপেনের মতো ভাব শলাপরামর্শকারীদের মধ্যে প্রকাশ পেয়েছে যে আচরণে-**

i. ভারি ধীর নোয়ানো স্বর

ii. রাগ নেই

iii. জ্বালা নেই

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

তিন ছেলের বাবা রহমত মিয়া। বয়সের ভারে নুয়ে পড়েছে বলে ছেলেরা তাকে মূল্য দিতে চায় না। বাড়ির ক্ষেত্রে কোনো পরামর্শে রহমতকে যোগ করে না। একদিন বাড়িতে ডাকাত পড়লে ছেলে-বৌয়েরা দিশেহারা হয়ে পড়ে। তখন রহমত তার খাটের নিচ থেকে রামদা নিয়ে এসে একা ডাকাত দলের সামনে দাঁড়ায়। বাবাকে দেখে ছেলেরা অনুপ্রাণিত হয় এবং বাবার সাথে থেকে ডাকাতদের প্রতিহত করে।

**১৭. উদ্দীপকের রহমত মিয়া 'কপিলদাস মুর্মুর শেষ কাজ' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?**

ক. শিবোনাথ খ. কপিলদাস

গ. মহিন্দর ঘ. শুকদাস উ: খ

**১৮. প্রতিনিধিত্বকারী চরিত্রটি-**

i. স্বাজাত্যবোধে বলীয়ান

ii. ভূমিরক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ

iii. নিজের মূল্য পেতে উৎসুক

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

## রেইনকোট

## আখতারুজ্জামান ইলিয়াস

### সৃজনশীল রচনামূলক

১. অনেকবার ভেবেছে মুক্তিযুদ্ধে যাই। কিন্তু একটি সন্তান কোলে, আরেকটি পৃথিবীতে আসি আসি করছে। তাই সালেহীনের যুদ্ধে যাওয়া হয়নি। রাজ্যের অশ্বস্তি নিয়ে সে ৯টা ৫টা সরকারি অফিস করে। তবে তার স্ত্রী লক্ষ করে সালেহীন সন্ধ্যায় কোথায় যেন যায়। একদিন রাতে পাকবাহিনী তার বাসায় হানা দিলে তার স্ত্রীর অনুমানই সত্যি হয়। [রা. বো. '২৫]

ক. 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়?

খ. "প্রিন্সিপালের বাড়ির গেটে বোমা ফেলা মানে মিলিটারি ক্যাম্প অ্যাটাক করা।"- এ কথার তাৎপর্য লেখ।

গ. উদ্দীপকের সালেহীন 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? কীভাবে?

ঘ. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের বিষয়বস্তু কতটুকু প্রতিফলিত হয়েছে? তোমার মতামত দাও।

২. "তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
সাকিনা বিবির কপাল ভাঙল,
সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর।
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে।
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো।" [ম. বো. '২৫]

ক. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপালের পিওনের নাম কী?

খ. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।"- কোন প্রসঙ্গে এবং কেন বলা হয়েছে?

গ. উদ্দীপকের সঙ্গে 'রেইনকোট' গল্পের সাদৃশ্য কোথায়? আলোচনা কর।

ঘ. "বাঙালিদের আত্মত্যাগই উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের মূল উপজীব্য।"- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

৩. মুক্তিযুদ্ধ চলাকালে একটি ছাত্রাবাস থেকে মিলিটারিরা সুমনকে তুলে নিয়ে যায়। অমানবিক নির্যাতন চালিয়ে তারা তার পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও সুমন নীরব থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ, 'জীবনের চেয়ে দেশ অনেক বড়ো।' নিজেকে একজন দেশপ্রেমী মুক্তিযোদ্ধার সন্তান মনে করায় তার বুক ফুলে ওঠে। [নটরডেম কলেজ, ঢাকা]

ক. জিওগ্রাফির প্রফেসরের নাম কী?

খ. "কিন্তু তার ওম তার শরীরে এখনো লেগেই আছে।"- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সুমন 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়? ব্যাখ্যা কর।

ঘ. "একাত্তরের মহান মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধারাই ছিলেন আমাদের চেতনার উৎস, প্রেরণার বাতিঘর"- উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে উক্তিটির যথার্থতা তুলে ধর।

৪. মুক্তিযুদ্ধের সময় দেশের সকল শিক্ষিত ব্যক্তি ও বুদ্ধিজীবী যে দেশের পক্ষে অবস্থান নিয়েছিলেন এমনটি নয়। এমন একজন বুদ্ধিজীবী শরিফ সাহেব। যুদ্ধের সময় তিনি কলেজ শিক্ষক ছিলেন। তাঁর প্রত্যক্ষ সহযোগিতায় কলেজে সেনাক্যাম্প প্রতিষ্ঠিত হয়। পাকসেনাদের খুশি করতে তিনি উর্দুতে কথা বলতে শুরু করেন। এমন মানুষ বুদ্ধিজীবী হলেও আমাদের ঘৃণার পাত্র। [য. বো. '২৪]

ক. 'রেইনকোট' গল্পে উল্লিখিত প্রিন্সিপালের নাম কী?

খ. প্রিন্সিপাল মিসক্রিয়েন্টদের পতন কামনা করেন কেন?

গ. উদ্দীপকের শরিফ সাহেব ও 'রেইনকোট' গল্পের প্রিন্সিপাল চরিত্রের সাদৃশ্য আলোচনা কর।

ঘ. "উদ্দীপকের শরিফ সাহেব আর 'রেইনকোট' গল্পের প্রিন্সিপাল। আমাদের স্বাধীনতাকে বিলম্বিত ও রক্তাক্ত করেছে।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

৫. মুক্তিযুদ্ধ চলাকালে ভবানীপুর গ্রামের ফকির বাড়ি থেকে মিলিটারিরা দশম শ্রেণির ছাত্র মনিরকে তুলে নিয়ে যায়। শারীরিক নির্যাতন চালিয়ে তারা মনিরের মুক্তিযোদ্ধা পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও মনির নীরব থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ, "জীবনের চেয়ে দেশ অনেক বড়।"- নিজেকে একজন মুক্তিযোদ্ধার সন্তান মনে করায় তার বুক ফুলে ওঠে। [দি. বো. '২৪]

ক. নুরুল হুদা কোন বিষয়ের শিক্ষক ছিলেন?

খ. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।"- বুঝিয়ে লেখ।

গ. উদ্দীপকের ছাত্র মনির 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়? আলোচনা কর।

ঘ. "উদ্দীপকে 'রেইনকোট' গল্পের মূলভাব প্রতিফলিত হয়েছে।"- তোমার মতের পক্ষে যুক্তি দাও।

৬. "বাজারে মিলিটারি ঢোকার পর থেকেই কলিমদ্দি দফাদারের ওপর বোর্ড অফিস খোলার ভার পড়েছে। অপেক্ষাকৃত কমবয়স্ক চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান মিলিটারির ভয়ে পারতপক্ষে এদিকে আসেন না। মেম্বারগণও আত্মগোপন করেছেন। কিন্তু বোর্ড অফিস নিয়মিত খোলা রাখার হুকুম জারি আছে। কলিমদ্দি এ কাজ করার জন্য বাজারে আসে। খান সেনারা ওকেই ওদের অভিযানে সঙ্গী করে নেয়। সে সরকারি লোক, নিয়মিত নামাজ পড়ে এবং যা হুকুম তা পালন করে। সুতরাং সন্দেহের কারণ নেই।" তাই এ সুযোগকে কাজে লাগিয়ে পাক-ক্যাম্পের খবর মুক্তি বাহিনীর নিকট সরবরাহ করাসহ পাক হানাদারদের বিপথে চালিত করতে পারে কলিমদ্দি। [ঢা. বো. '২৩]

ক. 'রেইনকোর্ট' গল্পে আসমা কে?

খ. 'ওই ঘরে আজকাল সহজে কেউ ঘেঁষে না।'—কেন?

গ. 'রেইনকোর্ট' গল্পে বর্ণিত কলেজের পরিস্থিতির সাথে উদ্দীপকের বোর্ড অফিসের পরিস্থিতির তুলনা কর ।

ঘ. "উদ্দীপকের কলিমদ্দি ও 'রেইনকোর্ট' গল্পের নূরুল হুদার মতো সাধারণ ব্যক্তিরাই আমাদের মুক্তিযুদ্ধের অন্যতম চেতনা"। মন্তব্যটি যাচাই কর।

৭. ছেলেটির মনে হয় এ গাঁয়ের কারও এমন দৃষ্টি ও কোনোদিন দেখে নি। মানুষগুরো বদলে যাচ্ছে। একদিন সবাই মিলে অবাক হয়ে শোনে গাঁয়ে শান্তি কমিটি হয়েছে। আহাদ মুন্সি চেয়ারম্যান। ছেলেটি বুঝে যায় গাঁয়ের মানুষ দু ভাগ হয়ে গেছে। এক দল আলির চায়ের দোকানে এসে বসে। নিজেদের মধ্যে কথা বলতে চায়। অন্য

দল আহাদ মুন্সির দলে। মিলিটারির ক্যাম্পের পাশে ঘোরাফেরা করে। আকস্মিকভাবে ও চেঁচিয়ে ওঠে, 'যুদ্ধ, যুদ্ধ!' মানুষ যখন দুভাগ হয়ে যায় তখন তার মধ্যে দিয়ে যুদ্ধ নামের নদী বইতে থাকে। এখন থেকে ওর নাম যুদ্ধ। [তথ্যসূত্র: কাকতাড়ুয়া, সেলিনা হোসেন] [বরিশাল ক্যাডেট কলেজ]

ক. মিলিটারি নুরুল হুদাকে কোন ভাষায় প্রশ্ন করেছিলো?

খ. শহিদ মিনারকে কেন পাকিস্তানের শরীরের কাঁটা বলা হয়েছে?

গ. উদ্দীপকের আহাদ মুন্সি 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের যুদ্ধ নামের ছেলেটি 'রেইনকোট' গল্পের মিন্টুদের চেতনাকে ধারণ করেছে।"— মন্তব্যটি যাচাই করো।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. উর্দুর প্রফেসরের নাম কী?[সি. বো.; দি. বো. ২৫; রা. বো. ২২]

২. 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়? [রা. বো. '২৫; ঢা. বো. '২২; য. বো. '১৭] [সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম]

৩. "দ্বিতীয়বার আল্লাহর মহত্ত্ব ঘোষণা করার সুযোগ আর মেলেনি"- কার? [চট্টগ্রাম কলেজ]

৪. মগবাজারের বাড়ি থেকে মিন্টু কবে চলে গেল? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ; ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]

৫. পাকিস্তানের শরীরের কাঁটা কী? [ম. বো., ব. বো. '২৪]

৬. কার জন্য নুরুলহুদাকে এক্সট্রা তটস্থ থাকতে হয়? [য. বো. '২৩]

৭. প্রিন্সিপাল কাকে তোয়াজ করতেন? [দি. বো. '২৩]

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।"- বুঝিয়ে লেখ। [ম. বো. '২৫; কু. বো. '২৪, '২২; দি. বো. '২৪] [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ; বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ]

২. 'রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনারেল মনসুন'- ব্যাখ্যা করো। [কু. বো., য. বো. '২৫; ঢা. বো. '২২, '১৯; রা, বো, ২২; কু. বো. ১৭]

৩. প্রিন্সিপাল মিসক্রিয়েন্টদের পতন কামনা করেন কেন? [য. বো. ২৪]

৪. পাকিস্তানিরা সিচুয়েশন নরমাল বলে রেডিও-টিভিতে প্রচার চালাত কেন? [ম. বো. '২৪]

৫. টুপির তেজ কি পানিতেও লাগল নাকি? – বিশ্লেষণ করো। [ম. বো. ২২:চ. বো. ১৯]

৬. নুরুল হুদার কাছে কোন বিষয়টিকে 'স্রেফ উৎপাত' বলে মনে হয়? ব্যাখ্যা করো। [ব. বো. ১৯]

৭. 'যেন বৃষ্টি পড়ছে মিন্টুর রেইনকোটের ওপর।'- বাক্যটি বুঝিয়ে লেখো। [য. বো. '২৩, '১৭: সি. বো. ২৩, ব, বো. ১৭]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. লেখক হিসেবে আখতারুজ্জামান ইলিয়াসের বিশেষত্ব হলো-**
ক. লেখার গুণগত উৎকর্ষ [রা. বো. '২৫]
খ. মনস্তত্ত্ব বিশ্লেষণ
গ. বিচিত্রধর্মী সৃষ্টি
ঘ. বহুসংখ্যক রচনা
উ: ক

**০২. 'রেইনকোট' গল্পে "ঠোঁটে তার একটু হাসি বিছানো থাকে"- কার কথা বলা হয়েছে?** [য. বো. '২৫]
ক. অধ্যক্ষের খ. মিলিটারি পান্ডার
গ. নুরুল হুদার ঘ. ইসহাকের উ: গ

০৩. 'রেইনকোট' গল্পের প্রেক্ষাপটে নিম্নোক্ত কোন বিষয়টির প্রতি লেখক বেশি সচেষ্ট ছিলেন? [ব. বো. ১৭]
অথবা, আখতারুজ্জামান ইলিয়াস তাঁর 'রেইনকোট' গল্পে কোন বিষয়টি ফুটিয়ে তুলতে দক্ষতার পরিচয় দিয়েছেন? [ঢা. বো, ২৫]
অথবা, 'রেইনকোট' গল্পে কোন বিষয়টি অধিক তাৎপর্যময় হয়ে উঠেছে? [য, বো. '২৫]
ক. রাজাকারের দৌরাত্ম্য খ. গেরিলাদের আক্রমণ
গ. নুরুল হুদার দেশপ্রেম ঘ. হানাদারদের নিপীড়ন উ: গ

**০৪. 'রেইনকোট' গল্পে কোন বিষয়টি প্রাধান্য পেয়েছে?**
ক. নুরুল হুদার দেশপ্রেম [ম. বো. '২৫]
খ. গেরিলা আক্রমণ
গ. রাজাকারদের প্রভাব
ঘ. পাক বাহিনীর নিপীড়ন
উ: ক

০৫. "সরি হি ইজ নট এ প্রফেসর।"- উক্তিটি কে করেছেন? [ব. বো. '২৫]
ক. আকবর সাজিদ খ. আব্দুস সাত্তার মৃধা
গ. নুরুল হুদা ঘ. ড. আফাজ আহমদ উ: ঘ

০৬. মুক্তিযুদ্ধের সময় নুরুল হুদা কয়বার বাসা পরিবর্তন করেন?
ক. ৩ বার খ. ৪ বার [দি. বো. '২৫]
গ. ৫ বার ঘ. ৬ বার উ: খ

০৭. নুরুল হুদাকে এক্সট্রা তটস্থ থাকতে হয় কেন? [ম. বো. '২৫]
ক. পাকিস্তানি বাহিনীর ভয়ে
খ. প্রিন্সিপালের ভয়ে
গ. আসমার জন্য
ঘ. মিন্টুর জন্য
উ: ঘ

০৮. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপালের নাম কী?
[নোয়াখালী সরকারি কলেজ; উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক. ড. আকবর সাজিদ খ. ড. আফাজ আহমদ
গ. ড. আবদুস সাত্তার মৃধা ঘ. ড. ইসহাক উ: খ

**০৯. মিলিটারিরা নুরুল হুদাকে ধরে নিয়ে যায় কেন?** [ব. বো. ২৫]
ক. মিসক্রিয়ান্ট তার নাম বলায়
খ. মুক্তিযুদ্ধে সহযোগিতা করায়
গ. মিসক্রিয়ান্ট বলে মনে করায়
ঘ. মিন্টু তার শ্যালক বলে উ: ক

**১০. 'রেইনকোট' গল্পে 'প্রিন্সিপাল' যেমন প্রকৃতির মানুষ-**
i. ভিতু
ii. দেশবিরোধী iii. তোষামুদে
নিচের কোনটি সঠিক? [দিনাজপুর সরকারি কলেজ]
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**১১. আব্দুস সাত্তার মৃধা কোন বিষয়ের প্রফেসর ছিলেন?** [দি. বো. ২৫]
ক. বাংলা খ. উর্দু
গ. কেমেস্ট্রি ঘ. জিওগ্রাফি উ: ঘ

**১২. "মিরপুরের বিল দিয়া দুই নৌকা বোঝাই কইরা আইছিল।" 'রেইনকোট' গল্পে উক্তিটি কার?** [দি. বো. '২৪]
ক. কলেজের শিক্ষকদের খ. দোকানদারের
গ. বাসচালকের ঘ. আসমার উ: খ

**১৩. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।" কারণ, 'রেইনকোট' গল্পে এগুলো বাঙালির-** [কু. বো. '২৪]
i. জাতীয়তাবোধ জাগিয়ে রাখে
ii. দেশপ্রেমকে উজ্জীবিত করে
iii. যুদ্ধ জয়ে প্রেরণা জোগায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**১৪. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপ্যাল আজকাল কাকে তোয়াজ করে?**
ক. আব্দুস সাত্তার মৃধাকে [ব. বো. '২৪]
খ. নুরুল হুদাকে
গ. আকবর সাজিদকে
ঘ. ইসহাক মিয়াকে উ: গ

**১৫. 'রেইনকোট' গল্পে উর্দুর প্রফেসরের নাম কী ছিল?** [চ. বো. ২৪]
ক. নুরুল হুদা খ. আফাজ আহমদ
গ. আকবর সাজিদ ঘ. আব্দুস সাত্তার মৃধা উ: গ

**১৬. 'রেইনকোট' গল্পের মুয়াজ্জিন যেই দিন মারা যায়, সেই দিন রাতে নুরুল হুদার ঘুম না হওয়ার কারণ-** [ব. বো. '২৪]
i. ট্যাঙ্কের হুঙ্কার
ii. মেশিনগানের আওয়াজ
iii. মানুষের কাতরানি
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**১৭. 'রেইনকোট' গল্পে 'আন অথরাইজড কনস্ট্রাকশন' বলতে বোঝানো হয়েছে-** [কু. বো. '২৩]
ক. কলেজ কম্পাউন্ড খ. জিমনেশিয়াম
গ. স্মৃতিসৌধ ঘ. শহিদ মিনার উ: ঘ

**১৮. 'রেইনকোট' গল্পে মিরপুরের বিল দিয়ে আসা নৌকায় কী ছিল?**
ক. খাদ্য খ. অস্ত্র [ব. বো. '২৩]
গ. সাহায্য ঘ. আলমারি উ: খ

**১৯. 'রেইনকোট' গল্পে কে এপ্রিলের শুরু থেকে বাংলা বলা ছেড়েছে?** [য. বো. '২৩]
ক. আব্দুস সাত্তার খ. আকবর সাজিদ
গ. আফাজ আহমদ ঘ. ইসহাক মিয়া উ: ঘ

**২০. 'রেইনকোট' গল্পে রেইনকোটটি কীসের প্রতীক?**
[দি. বো. '২৩; ম. বো. '২৩]
ক. দেশপ্রেম খ. সাহস
গ. আভিজাত্য ঘ. আত্মরক্ষা উ: ক

**২১. 'রেইনকোট' গল্পের নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন?**
[য. বো. '২৪; ব. বো. '২২; কু. বো. '১৬]
ক. ভূগোল খ. পদার্থ
গ. আরবি ঘ. কেমিস্ট্রি উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিটলারের জার্মান বাহিনী রাশিয়া আক্রমণ করে মস্কোর দ্বারপ্রান্তে চলে আসে। কিন্তু প্রচন্ড শীত আর বরফে বিপর্যস্ত হয়ে তারা পরাজয়ের মুখে পড়ে। [চ. বো. '২৫]

**২৩. উদ্দীপকের জার্মান বাহিনীর 'প্রচন্ড শীত আর বরফে' বিপর্যস্ত হওয়া 'রেইনকোট' গল্পের মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশের কোন ঋতুর কথা মনে করিয়ে দেয়?**
ক. উইন্টার খ. অটাম
গ. মনসুন ঘ. সামার উ: গ

**২৩. উপযুক্ত 'ঋতু' 'রেইনকোট' গল্পে কীভাবে 'জেনারেল'-এর ভূমিকায় অবতীর্ণ হয়েছিল?**
ক. শত্রুকে বিপজ্জনক পরিস্থিতিতে ঠেলে দিয়ে
খ. খাদ্যশস্যের সরবরাহ বৃদ্ধি করে
গ. শত্রুর মানসিক শান্তি বৃদ্ধি করে
ঘ. শারীরিকভাবে বিপর্যস্ত করে উ: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"সাবাস, বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে পুড়ে মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।" [সি. বো. '২৫]

**২৪. উদ্দীপকের "তবু মাথা নোয়াবার নয়" পঙ্ক্তিটি 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?**

ক. আকবর সাজিদ খ. মিন্টু
গ. আব্দুস সাত্তার মৃধা ঘ. নুরুল হুদা উ: ঘ

**২৫. উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের যে বিষয়বস্তুকে নির্দেশ করে, তা হলো-**

i. মুক্তিযোদ্ধাদের গেরিলা আক্রমণ
ii. স্বাধীনতার জন্য বাঙালির দৃঢ়প্রত্যয়
iii. পাকিস্তানিদের হত্যা ও ধ্বংসযজ্ঞ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি,
মোরা একটি মুখের হাসির জন্য অস্ত্র ধরি।" [কু. বো. ২৪; সি. বো. ১৬]

**২৬. উদ্দীপকের 'মোরা' 'রোইনকোট' গল্পের কোন চরিত্রগুলোকে মনে করিয়ে দেয়?**

ক. প্রফেসর আকবর সাজিদ ও মিন্টু
খ. মিন্টু ও নুরুল হুদা
গ. আফাজ আহমদ ও নুরুল হুদা
ঘ. প্রসেফর আকবর সাজিদ ও ইসহাক উ: খ

**২৭. উদ্দীপকের ভাবানুষঙ্গ 'রেইনকোট' গল্পের কোন দিকটি প্রতিফলিত করে?**

ক. নির্বিচার গণহত্যা খ. গেরিলা আক্রমণ
গ. সাহস ও দেশপ্রেম ঘ. 'সাবভার্সিভ অ্যাকটিভিটিজ' উ: গ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মুক্তিযুদ্ধ চলাকালে রাহাত ভাবল, দেশের এই সংকটময় মুহূর্তে আমি নিশ্চিন্তে ঘরে বসে থাকতে পারি না। তাই এলাকার ১০ জন যুবকের সাথে পরামর্শ করে পাড়ি জমায় প্রশিক্ষণ কেন্দ্রে। [সি, বো. ২৩]

**২৮. অনুচ্ছেদের রাহাত চরিত্রের ভাবনা 'রেইনকোট' গল্পের কার মধ্যে খুঁজে পাওয়া যায়?**

ক. নুরুল হুদা খ. মিন্টু
গ. ইসহাক মিয়া ঘ. আবদুস সাত্তার উ: খ

**২৯. উক্ত সাদৃশ্যের অন্তর্নিহিত কারণ-**

i. স্বদেশপ্রেম
ii. অসীম সাহসিকতা
iii. স্বাধীনতার আকাঙ্ক্ষা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

১৯৭১ সাল, জুন-জুলাই মাসে প্রচন্ড বর্ষা হচ্ছে। বৃষ্টির পানিতে রাস্তা-ঘাট ডুবে গেছে। এই বর্ষায় রাস্তার মধ্যে খাদ বুঝতে না পেরে পাকিস্তানি বাহিনীর একটি জিপ উল্টে যায়। [ম. বো. '২২]

**৩০. উদ্দীপকের প্রাকৃতিক অবস্থাকে 'রেইনকোট' 'গল্পে কী নামে উপস্থাপন করা হয়েছে?**

ক. জেনারেল সিজন খ. জেনারেল মনসুন
গ. জেনারেল উইনটার ঘ জেনারেল রেইন উ: খ

**৩১. এ বিষয়টি ১৯৭১ সালে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। কারণ-**

i. পাকিস্তানিদের জন্য প্রতিকূল ছিল
ii. পাকিস্তানিরা এ বিষয়ে উদাসীন ছিল
iii. পাকিস্তানিরা এ বিষয়ে অনভ্যস্ত ছিল

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

কলেজ থেকে ঘরে ফেরার পথে ছাত্র-পুলিশ সংঘর্ষের মধ্যে পড়ে যায় মাহমুদ। পুলিশের বেধড়ক লাঠিপেটায় সেদিন থেকেই সে হয়ে ওঠে ভাষা আন্দোলনের একনিষ্ঠ কর্মী। [দি. বো. '১৯]

**৩২. উদ্দীপকের মাহমুদ 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়?**

ক. কুলি খ. মিন্টু
গ. নুরুল হুদা ঘ. আফাজ উ: গ

**৩৩. উদ্দীপকটি 'রেইনকোট' গল্পটিকে যে প্রেক্ষাপট থেকে প্রতিনিধিত্ব করে তা হলো-**

ক. ছাত্র-রাজনীতি খ. ভাষা আন্দোলন
গ. স্বাধীনতা সংগ্রাম ঘ. রাজনৈতিক চেতনা উ: গ

# নেকলেস

## গী দ্য মোপাসাঁ

### অনুবাদ: পূর্ণেন্দু দস্তিদার

#### সৃজনশীল রচনামূলক

১. সালাম ও সালমার সংসারে সচ্ছলতা কিংবা বিলাসিতা না থাকলেও শান্তি এবং ভালোবাসার অভাব ছিল না। কিন্তু লোভে পড়ে বাড়তি পাওয়ার আশায় দুর্নীতির দায়ে অফিস সহকারীর চাকরিটা হারায় সালাম। তাদের সংসারে বাসা বাঁধে চরম দারিদ্র্য আর হতাশা। অগত্যা সালামের স্ত্রী সালমা অন্যের বাড়িতে ঝিয়ের কাজ নেয়। সকাল-সন্ধ্যায় বর্ণনাতীত পরিশ্রম করে ক্লান্ত হয়ে ঘরে ফেরে সে । সালমার ক্লান্ত ও মলিন চেহারা দেখে সালাম মনে মনে খুব কষ্ট পায়। অথচ মুখ ফুটে সে কথা বলতে পারে না সে। কারণ সে ভালো করেই জানে যে, এই কষ্টের জন্য সে নিজেই দায়ী।

[ঢা. বো. '১৯]

ক. বন্দুক কিনতে মসিয়ে কত ফ্রাঁ সঞ্চয় করেছিল?

খ. "এ রকম জীবন দশ বছর ধরে চলল"- ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের সালমার সাথে 'নেকলেস' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? আলোচনা করো।

ঘ. "উদ্দীপক ও 'নেকলেস' গল্পের বিষয়বস্তু একসূত্রে গাঁথা" – মূল্যায়ন করো।

২. পিতার অভাবের সংসারে রেবেকা অতিকষ্টে মানুষ হয়েছে। জীবনে কত ছোটোখাটো ইচ্ছাই তাকে নীরবে বিসর্জন দিতে হয়েছে! শিক্ষিত ও সুশ্রী হওয়া সত্ত্বেও বৈবাহিক জীবনে একটা ভালো সংসার জোটেনি। কিন্তু নিজের অবস্থাকে সে ভাগ্য হিসেবে মেনে নিয়েছে এবং গৃহ শিক্ষক স্বামীর সামান্য আয়ে সুন্দরভাবে সংসার পরিচালনা করছে। মেনে নেওয়া এই জীবনে তার কোনো বিড়ম্বনা নেই।

[য. বো. '১৯]

ক. 'নেকলেস' গল্পের বাংলা অনুবাদক কে?

খ. স্ত্রীর প্রতি লোইসেলের ভালোবাসা ও কর্তব্যপরায়ণতার দুটি দৃষ্টান্ত দাও।

গ. রেবেকার সাথে 'নেকলেস' গল্পের মাতিলদার তুলনা করো।

ঘ. "মেনে নেওয়া এই জীবনে কোনো বিড়ম্বনা নেই'— রেবেকার এই জীবন সত্যই 'নেকলেস' গল্পের মূলভাব।"— এই মতের পক্ষে তোমার বক্তব্য উপস্থাপন করো।

৩. 'বিবর্তন' সংস্কৃতিকেন্দ্রে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি তাঁর শুভেচ্ছা বক্তব্যে শিক্ষার্থীদের উদ্দেশে দুটো উপদেশ দিলেন-

i. উচ্চাভিলাষ ও বিলাসিতার কারণে হঠাৎ সিদ্ধান্ত নিয়ে কোনো কাজ করো না। তা তোমাদের বিপদে ফেলবে এবং আজীবন তোমাকে অসুখী করবে।

ii. সাধ ও সাধ্যের মধ্যে সমন্বয় করতে না পারলে পরিণামে দুঃখ পেতে হয়। [ঢা. বো. '১৮]

ক. মি. লোইসেল ও তার স্ত্রী ঋণ শোধের জন্য কত বছর কষ্ট করেছিলেন?

খ. লোইসেলের মনে সর্বদা দুঃখের ছায়া থাকে কেন?

গ. উদ্দীপকের প্রথম উপদেশ 'নেকলেস' গল্পের কোন দিকের ইঙ্গিত নির্দেশ করে? বিশ্লেষণ কর।

ঘ. "উদ্দীপকের উপদেশ দুটো 'নেকলেস' গল্পের জীবনদর্শনকে ধারণ করেছে।"- এ মন্তব্য কতটা যৌক্তিক? মূল্যায়ন কর।

৪. রফিকের সংসারে সচ্ছলতা না থাকলেও শান্তিতেই ছিল তারা। কিন্তু লোভে পড়ে উপরি পাওনার আশায় কোম্পানির মাল পাচারে সহযোগিতার দায়ে দারোয়ানের চাকরিটা চলে যায় তার। সংসারে নেমে আসে চরম দারিদ্র্য। বাধ্য হয়ে রফিকের স্ত্রী কল্পনাকে পরের বাড়িতে ঝি-এর কাজ করতে হয়। রাত অবধি হাড়ভাঙ্গা পরিশ্রম করে সে ঘরে ফেরে। তার চেহারায় মলিনতার ছাপ দেখতে পেয়ে কষ্ট পায় রফিক। তবে মুখ ফুটে কিছুই বলতে পারে না। কারণ সে জানে, তার এ শাস্তি আত্মকৃত। কাউকে সে দোষ দিতে পারে না।

[দি. বো. '১৭]

ক. মাদাম লোইসেলের স্বামী কোথায় চাকরি করত?

খ. মাদাম লোইসেলকে দেখলে এখন বয়স্কা বলে মনে হয় কেন?

গ. উদ্দীপকের কল্পনার সাথে 'নেকলেস' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য আছে? বিশ্লেষণ কর।

ঘ. উদ্দীপক ও 'নেকলেস' গল্প একই বৃক্ষের দুটি ফল- মূল্যায়ন কর।

৫. আটপৌরে বাসা। সাধারণ আসবাবপত্র। দিন ভালোই কাটছিল। কিন্তু স্ত্রী তানিয়া মোটেই তৃপ্ত নয় এতে। ফলে মোটা অঙ্কের লোন নিয়ে রাসেলকে দামি আসবাবপত্র কিনতে হয়। কিন্তু লোনের কিস্তি শোধ করতে গিয়ে তাদের পরিবারে নেমে আসে বিপর্যয়। স্ত্রী তানিয়া তখন স্নানমুখে বলে- ঋণের কিস্তি দেওয়ার চেয়ে সাধারণ জীবনযাপনই শ্রেয়। [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. বন্দুক কেনার জন্য লোইসেল কত অর্থ সঞ্চয় করেছিল?

খ. 'নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তার জন্ম হয়েছে।'- কার সম্পর্কে, কেন বলা হয়েছে?

গ. উদ্দীপকের সঙ্গে 'নেকলেস' গল্পের সাদৃশ্য কোথায়? আলোচনা কর।

ঘ. 'ঋণের কিস্তি দেওয়ার চেয়ে সাধারণ জীবনযাপনই শ্রেয়'- 'নেকলেস' গল্পের আলোকে বিশ্লেষণ কর।

৬. রূপার চামচ মুখে নিয়ে জন্মায় আর কয়জন লোক। শতকরা। নিরানব্বই জন মানুষকেই চেষ্টা করতে হয়, জয় করে জিততে হয় তার ভাগ্যকে। বাঁচে সেই- যে লড়াই করে প্রতিকূলতার সঙ্গে। পলাতকের স্থান জগতে নেই সমস্ত কিছুর জন্যই চেষ্টা দরকার। চেষ্টা ছাড়া বাঁচা অসম্ভব। সুখ চেষ্টারই ফল, দেবতার দান নয়। তা জয় করে নিতে হয়। আপনাআপনি এটা পাওয়া যায় না।

[হলি ক্রস কলেজ, ঢাকা]

ক. 'প্যালেস রয়েল' অর্থ কী?

খ. মাদাম লোইসেল অসুখী ছিলেন কেন?

গ. উদ্দীপকের ভাবনার সাথে 'নেকলেস' গল্পের মাদাম-লোইসেলের ভাবনার বৈসাদৃশ্য নিরূপণ কর।

ঘ. উদ্দীপকে 'নেকলেস' গল্পের অন্তর্নিহিত সত্য লুকায়িত আছে- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

## জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্নের সাজেশন

### ক নং প্রশ্ন (জ্ঞানমূলক)

১. 'নেকলেস' গল্পের বাংলা অনুবাদক কে ? [য. বো. '১৯]

২. বন্দুক কিনতে মসিয়ে কত ফ্রাঁ সঞ্চয় করেছিল? [ঢা. বো. '১৯]

৩. মন্ত্রিসভার সব সদস্যের মাদাম লোইসেলের সঙ্গে কোন নৃত্য করতে ইচ্ছে হচ্ছিল? [সি. বো. '১৭]

৪. মাদাম লোইসেলের স্বামীর পেশা কী? [আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]

৫. কনভেন্ট কী? [চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]

৬. ফরাসি ভাষায় 'নেকলেস' গল্পটির নাম কী? [যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ]

৭. মাদাম লোইসেলের প্রকৃত নাম কী?

### খ নং প্রশ্ন (অনুধাবনমূলক)

১. "এ রকম জীবন দশ বছর ধরে চলল"- ব্যাখ্যা করো। [ঢা. বো. '১৯]

২. স্ত্রীর প্রতি লোইসেলের ভালোবাসা ও কর্তব্যপরায়ণতার দুটি দৃষ্টান্ত দাও। [য. বো. '১৯]

৩. লোইসেলের মনে সর্বদা দুঃখের ছায়া থাকে কেন? [ঢা. বো. '১৮]

৪. মাদাম লোইসেলকে দেখলে এখন বয়স্কা বলে মনে হয় কেন? [দি. বো. '১৭]

৫. 'কী অসাধারণ এই জীবন আর তার মধ্যে কত বৈচিত্র্য?'- উক্তিটি ব্যাখ্যা কর। [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

## সৃজনশীল বহুনির্বাচনি

### বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

**০১. 'নেকলেস' গল্পের মূল গল্পকারের পুরো নাম কোনটি?** [ব. বো. '১৬]

ক. Henri-Henri-Nicholas-Guy the Moupassant
খ. Henri-Henri-Albert-Guy the Maupassant
গ. Henri-Renri-Nicholas-Guy de Moupassant
ঘ. Henri-Renri-Albert-Guy de Maupassant উ: ঘ

**০২. সাহিত্যসাধনার ক্ষেত্রে গী দ্য মোপাসাঁর দৃষ্টিভঙ্গি কেমন?**

ক. রাজনৈতিক খ. পক্ষপাতী
গ. ধর্মীয় ঘ. নিরপেক্ষ উ: ঘ

**০৩. গী দ্য মোপাসাঁ কত সালে মৃত্যুবরণ করেন?** [কু. বো. '১৯]

ক. ১৮৯২ খ. ১৮৯৩
গ. ১৮৯৪ ঘ. ১৮৯৫ উ: খ

**০৪. পূর্ণেন্দু দস্তিদারের ক্ষেত্রে কোন পরিচয়টি প্রযোজ্য?**

ক. লেখক ও রাজনীতিবিদ
খ. লেখক ও সমাজসেবক
গ. রাজনীতিবিদ ও সমাজসেবক
ঘ. রাজনীতিবিদ ও সমাজ সংস্কারক উ: ক

**০৫. পূর্ণেন্দু দস্তিদার কোন ধরনের লেখক হিসেবে খ্যাতি অর্জন করেন?**

ক. সমাজভাবুক খ. রাষ্ট্রভাবুক
গ. জীবন সচেতন ঘ. দেশ সচেতন উ: ক

**০৬. 'বীরকন্যা প্রীতিলতা' গ্রন্থের লেখক কে?** [মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. পূর্ণেন্দু দস্তিদার ঘ. প্রমথ চৌধুরী উ: গ

**০৭. কোনটি পূর্ণেন্দু দস্তিদারের অনুবাদ গ্রন্থ?**

ক. অপরাধ এবং শাস্তি খ. দস্তয়েভস্কির গল্প
গ. লিও তলস্তয়ের গল্প ঘ. শেখভের গল্প উ: ঘ

**০৮. জনশিক্ষামন্ত্রী তার নিজ বাসগৃহে মসিঁয়ে ও মাদাম লোইসেলের উপস্থিতি কামনা করেছিলেন কত তারিখে?** [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]

১৮ই নভেম্বর ১৮ই ডিসেম্বর
১৮ই জানুয়ারি ১৮ই ফেব্রুয়ারি উ: গ

**০৯. মি. লোইসেল প্রাপ্ত আমন্ত্রণপত্র অনুযায়ী কত তারিখে জনশিক্ষামন্ত্রীর বাসগৃহে নিমন্ত্রণ পান?** [সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ]

ক. ১৮ই জানুয়ারি খ. ১৮ই ফেব্রুয়ারি
গ. ১৮ই মার্চ ঘ. ১৮ই এপ্রিল উ: ক

**১০. মাদাম লোইসেলের মনে সর্বদা দুঃখ বিরাজ করে কেন?** [দিনাজপুর সরকারি মহিলা কলেজ; সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর]

ক. আকাঙ্ক্ষার সাথে প্রাপ্তির মিল না থাকায়
খ. পার্টিতে যেতে না পারার জন্য
গ. সহকর্মীরা ধনী হওয়ায়
ঘ. সে দরিদ্র হওয়ায় উ: ক

**১১. "তার বাসকক্ষের দারিদ্র্য, হতশ্রী দেওয়াল, জীর্ণ চেয়ার এবং বিবর্ণ জিনিসপত্রের জন্য সে ব্যথিত হতো।"- 'নেকলেস' গল্পে মাতিলদার এই অনুভূতির কারণ তার-** [ঢা. বো. '১৬]

ক. সৌন্দর্যবোধ খ. উচ্চাকাঙ্ক্ষা
গ. জীবনাকাঙ্ক্ষা ঘ. অহংকারী মনোভাব উ: খ

**১২. গোয়ালার সুন্দরী কন্যা রাবেয়া স্বামীর অসচ্ছলতার কারণে অত্যন্ত অসন্তুষ্ট। উদ্দীপকের রাবেয়ার সাথে নিচের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?** [ঢা. বো. '১৯]

ক. কল্যাণী খ. মাদাম ফোরস্টিয়ার
গ. মাদাম লোইসেল ঘ. জমিরন উ: গ

**১৩. থিয়েটারে যাওয়ার সময় যে পোশাকটি মাদাম লোইসেল পরে সেটা তার স্বামীর কাছে কেমন লাগে?** [জয়পুরহাট সরকারি মহিলা কলেজ]

ক. খুব সুন্দর খ. খুব বিশ্রী
গ. খুব সস্তা ঘ. খুব দামি উ: ক

**১৪. 'নেকলেস' গল্পে মাতিলদার পোশাক তৈরিতে কত খরচ হয়েছিল?** [মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. চারশো ফ্রাঁ খ. পাঁচশো ফ্রাঁ
গ. ছয়শো ফ্রাঁ ঘ. সাতশো ফ্রাঁ উ: ক

**১৫. 'নেকলেস' রচনাটির উদ্দেশ্য কী?** [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা; সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা; কুমিল্লা ক্যাডেট কলেজ]

ক. পরিমিত জীবনবোধ খ. বিলাসিতা না করা
গ. দাম্ভিকতা পরিহার ঘ. সহযোগী মনোভাব উ: ক

**১৬. 'নেকলেস' গল্পটির শিক্ষণীয় দিক কী?** [সিরাজগঞ্জ সরকারি কলেজ]

ক. দারিদ্রতা মানুষের জীবনে অভিশাপ
খ. সবার উপরে মানুষ সত্য
গ. নিজ সামর্থ্য অনুযায়ী চলা উচিত
ঘ. পরিশ্রম করলে সব পাওয়া যায় উ: গ

**১৭. 'নেকলেস' গল্পে মাদাম লোইসেল চরিত্রে প্রতিফলিত হয়েছে?** [চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]

ক. নির্বুদ্ধিতা খ. বিলাসিতা
গ. জীবনবোধের স্বল্পতা ঘ. অহঙ্কারবোধ উ: গ

**১৮. "ভাগ্যের লিখন, না যায় খন্ডন।"- উক্তিটির সঙ্গে 'নেকলেস' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?** [শহিদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক. মাদাম ফোরস্টিয়ার ও মি. লোইসেল
খ. মাদাম লোইসেল ও মাদাম রেমপন্নু
গ. মাদাম ফোরস্টিয়ার ও মাদাম রেমপন্নু
ঘ. মাদাম লোইসেল ও মি. লোইসেল উ: ঘ

**১৯. মূল 'নেকলেস' গল্পটি কোন ভাষায় রচিত?** [দি. বো. '১৯]

ক. রুশ খ. স্প্যানিশ
গ. ফরাসি ঘ. ইংরেজি উ: গ

**২০. ফরাসি ভাষায় নেকলেস গল্পের শুদ্ধ বানান-** [ব. বো. '১৭]

ক. La Parure খ. La Perure
গ. La Purerue ঘ. La Porüre উ: ক

**২১. 'La Parure' সর্বপ্রথম কত সালে প্রকাশিত ও ইংরেজি ভাষায় অনূদিত হয়?**

ক. ১৮৮০ সালে খ. ১৮৮২ সালে
গ. ১৮৮৩ সালে ঘ. ১৮৮৪ সালে উ: ঘ

**২২. 'La Gaulois' কী?**

ক. একটি ফরাসি পত্রিকা খ. একটি বই
গ. একধরনের পোশাক ঘ. রাজকীয় অনুষ্ঠান উ: ক

**২৩. La Gaulois-এ কত সালে 'নেকলেস' গল্পটি প্রকাশিত হয়?**

ক. ১৮৩০ খ. ১৮৪০
গ. ১৮৬৫ ঘ. ১৮৮৪ উ: ঘ

**২৪. 'নেকলেস' গল্পটির বিপুল জনপ্রিয়তা লাভের কারণ কী?** [শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ]

ক. আকর্ষণীয় সমাপ্তি খ. আকর্ষণীয় কাহিনি
গ. উপস্থাপনা ভঙ্গি ঘ. আকর্ষণীয় শুরু উ: ক

**২৫. সম্মান প্রদর্শনের জন্য কোথায় মহিলাদের মাদাম বলে সম্বোধন করা হয়?** [ফেনী গার্লস ক্যাডেট কলেজ]

ক. ইতালিতে খ. লন্ডনে
গ. গ্রিসে ঘ. ফ্রান্সে উ: ঘ

**২৬. স্যাটিন কী?** [সি. বো. '১৬]

ক. রাজকীয় প্রাসাদ খ. মসৃণ রেশমি বস্ত্র
গ. খ্রিষ্টানধর্মীয় প্রতীক ঘ. মিশনারিদের আবাস উ: খ

**২৭. "শৈবাল দীঘিরে বলে উচ্চ করি শির-**
লিখে রাখো, এক ফোঁটা দিলেম শিশির।"
উদ্দীপকের সাথে 'নেকলেস' গল্পের বৈপরীত্য প্রকাশ পেয়েছে যে বৈশিষ্ট্য ধারণ করায়- [দি. বো. '১৭]

i. পারস্পরিক সহযোগিতায়
ii. সহানুভূতি প্রকাশে
iii. অহংকারের দন্ডে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ক

**২৮. মাদাম লোইসেল তার সহপাঠিনীর সাথে দেখা করে ফিরে এসে কষ্টে থাকতেন, কারণ-** [দি. বো. '১৬]

i. বান্ধবী ধনী হওয়ায়

ii. বান্ধবীর আচরণে কষ্ট পেয়ে

iii. নিজের আর্থিক অবস্থার কথা ভেবে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: খ

**২৯. 'নেকলেস' গল্পে বল নাচের দিনে মাদাম লোইসেল ছিল সবচেয়ে-** [কু. বো. '১৬]

i. সুন্দরী

ii. সুরুচিময়ী

iii. হাস্যময়ী

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উ: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

স্বামীর ধনৈশ্বর্যে মুগ্ধ নিরক্ষর ও সুন্দরী সালমা নিয়ত নতুন স্বপ্নের জাল বোনে। স্বামীর কাছে তার বায়নার শেষ নেই। এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় স্বামী মানসিকভাবে পঙ্গুত্ববরণ করলে শিশুসন্তানসহ সালমা দিশেহারা হয়ে যায়। [চ. বো. '১৯; সি. বো. '১৯]

**৩০. উদ্দীপকে সালমার সঙ্গে 'নেকলেস' গল্পের মাতিলদার বৈসাদৃশ্যপূর্ণ দিক কোনটি?**

ক. অশিক্ষা খ. সৌন্দর্য

গ. সচ্ছলতা ঘ. স্বপ্নময়তা উ: গ

**৩১. 'নেকলেস' গল্পের কোন বৈশিষ্ট্য উদ্দীপকে প্রতিবিম্বিত?**

ক. ঘটনার আকিস্মকতা খ. অভ্যস্ততা

গ. নান্দনিকতা ঘ. অপরিণামদর্শিতা উ: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

বড়লোক আত্মীয় বাড়িতে যাওয়ার জন্য তাহমিদ বন্ধুর দামি মোটর সাইকেল ধার করে নেয়। রাতে গাড়িটি চুরি হয়ে যায়। সে বিষয়টি বন্ধুকে জানালে বন্ধু বলে, 'কী আর করার? যা হবার সে তো হয়েছে।' [য. বো. '১৬]

**৩২. উদ্দীপকের তাহমিদ 'নেকলেস' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

ক. মাতিলদা খ. লোইসেল

গ. ফোরস্টিয়ার ঘ. ম্যাডোনা উ: ক

**৩৩. উদ্দীপকের তুলনায় 'নেকলেস' গল্পের পরিসমাপ্তি অধিক-**

ক. নাটকীয় খ স্বাভাবিক

গ. প্রত্যাশিত ঘ. আকর্ষণীয় উ: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'খুব বেশি গয়না কিংবা দামি আসবাব ঘরে না থাকলেও দুঃখ নেই নীলার। দুবেলা দুমুঠো খেতে পেলেই সে খুশি।'

[সরকারি বরিশাল কলেজ]

**৩৪. উদ্দীপকের নীলার সঙ্গে 'নেকলেস' গল্পের মাদাম লোইসেল চরিত্রের তুলনা করলে কী বলা যায়?**

ক. দুজন সমান্তরাল খ. দুজন সমমনা

গ. দুজন বিপরীতমুখী ঘ. দুজন সহযাত্রী উ: গ

TEST PAPER